










# NYC পাবলিক স্কুল

## গাইডবুক

2019-2020

NYC Department of Education

# ত্বরিত যোগাযোগ

## স্টুডেন্ট এনরোলমেন্ট

প্রতিটি গ্রেড লেভেলে তালিকাভুক্তির (এনরোলমেন্ট) জন্য রিসোর্স।

**ভিজিট করুন:** schools.nyc.gov/enrollment

**ফোন করুন:** (718) 935-3500
যেসব পরিবার NYC পাবলিক স্কুলে নতুন, তাদের এই ওয়েবসাইটটি schools.nyc.gov/newstudents ভিজিট করা উচিত

## ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহ

এনরোলমেন্ট (তালিকাভুক্তি) এবং অ্যাডমিশনে (ভর্তিতে) সামনা সামনি সহায়তা নিন।

**ভিজিট করুন:** schools.nyc.gov/welcomecenters

### ব্রুকলিন

1780 Ocean Avenue, Floor 3
Brooklyn, NY 11230
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 17, 18, 22

415 89 Street, Floor 5
Brooklyn, NY 11209
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 20, 21

1665 St. Mark's Avenue, Room 116
Brooklyn, NY 11233
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 19, 23, 32

29 Fort Greene Place, Basement (BS12)
Brooklyn, NY 11217
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 13, 14, 15, 16

### ব্রংক্স

1 Fordham Plaza, Floor 7
Bronx, NY 10458
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 7, 9, 10

1230 Zerega Avenue, Room 24
Bronx, NY 10462
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 8, 11, 12

### ম্যানহাটান

333 Seventh Avenue, Floor 12, Room 1211
New York, NY 10001
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 1, 2, 4

388 West 125 Street, Floor 7, Room 713
New York, NY 10027
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 3, 5, 6

### কুইন্স

28-11 Queens Plaza North, Floor 3
Long Island City, NY 11101
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 24, 30

30-48 Linden Place, Floor 2
Flushing, NY 11354
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 25, 26

90-27 Sutphin Boulevard, Floor 1
Jamaica, NY 11435
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 27, 28, 29

### স্ট্যাটেন আইল্যান্ড

715 Ocean Terrace, Building A
Staten Island, NY 10301
**যে ডিসট্রিক্টগুলোকে সেবা দিচ্ছে:** 31

## স্পেশাল এডুকেশন

স্পেশাল এডুকেশন সার্ভিস এবং প্রোগ্রামগুলো সম্পর্কে আরো জানুন।

**যোগাযোগ:** আপনার সন্তানের স্কুল

**ভিজিট করুন:** schools.nyc.gov/specialeducation

**ইমেইল:** specialeducation@schools.nyc.gov

**ফোন করুন:** (718) 935-2007 অথবা 311
প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যারা চার্টার অথবা ননপাবলিক স্কুলে যায় তাদের পরিবারের schools.nyc.gov/CSE ওয়েবসাইটটি ভিজিট করা উচিত

## ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স/ মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স সাপোর্ট

যেসব শিক্ষার্থী ইংরেজি শিখছে তাদের জন্য বিভিন্ন প্রোগ্রাম ও সার্ভিস সম্পর্কে জানুন।

**ভিজিট করুন:** schools.nyc.gov/multilingual-learners

**ইমেইল:** dml@schools.nyc.gov

**ফোন করুন:** (212) 323-9559

## অনুবাদ এবং দোভাষ পরিষেবা

আপনার ভাষায় অনুবাদ করা তথ্য নিন।

**যোগাযোগ:** আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর বা প্রিন্সিপ্যাল

**ইমেইল:** hello@schools.nyc.gov

**ফোন করুন:** (718) 935-2013

### পরিবহন (ট্র্যান্সপোর্টেশন)

স্কুলে যাওয়া এবং আসা সম্পর্কে আরো জানুন।

**ভিজিট করুন:** schools.nyc.gov/transportation

**ইমেইল:** pupiltransportationteam@schools.nyc.gov

**ফোন করুন:** (718) 392-8855

## গ্রেড ও উপস্থিতি চেক করুন

আপনার সন্তানের অ্যাকাডেমিক উন্নতির দিকে সবসময় খেয়াল রাখুন।

**যোগাযোগ:** আপনার সন্তানের শিক্ষক

আপনার NYC স্কুলস অ্যাকাউন্টে লগ ইন করতে*

[mystudent.nyc](mystudent.nyc) **ভিজিট করুন**

* আপনার স্কুল আপনাকে অ্যাকাউন্ট খুলতে সাহায্য করতে পারে

## শিক্ষার্থী-দ্বারা-শিক্ষার্থীকে মস্তানী (বুলিইং)/হয়রানী করা রিপোর্ট করুন

একটি নিরাপদ এবং গোপনীয়তার সাথে মস্তানী (বুলিইং) রিপোর্ট করার উপায়।

**যোগাযোগ:** আপনার স্কুলের একজন স্টাফ অথবা রেসপেক্ট ফর অল-এর প্রতিনিধি (লিঁয়াজো)

**ভিজিট করুন:** nycenet.edu/bullyingreporting

**ইমেইল করুন:** RespectforAll@schools.nyc.gov

**ফোন করুন:** 718-935-2288

## শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) রিপোর্ট

একটি নিরাপদ এবং গোপনীয়তার সাথে মস্তানী (বুলিইং) রিপোর্ট করার উপায়।

**ভিজিট করুন:** nyc.gov/acs

**ফোন করুন:** NY স্টেট সেন্ট্রাল রেজিস্টার (SCR) চাইল্ড অ্যাবিউস এন্ড ম্যালট্রিটমেন্ট হটলাইন ফর দ্যা জেনারেল পাবলিক-এ 800-342-3720 নম্বরে

## যোগাযোগ রক্ষা করুন

/nycschools

**ইমেইল**
খবর, ভর্তির শেষ তারিখ, বিভিন্ন অনুষ্ঠান এবং আবহাওয়া-সংক্রান্ত সময়সূচি পরিবর্তনের নিয়মিত ইমেইল পাওয়ার জন্য সাইন আপ করুন schools.nyc.gov/connect -ঠিকানায়।

**311 এবং SMS (টেক্সট মেসেজ)**
আপনার যদি স্কুল-সম্পর্কিত বাড়তি কোন প্রশ্ন থাকে, 311 নম্বরে ফোন করুন। আপডেট পেতে **টেক্সট করুন** "nycschools" লিখে 877-877 নম্বরে*

*মেসেজ এবং ড্যাটার রেট প্রযোজ্য হতে পারে।

**সোশ্যাল মিডিয়া** স্কুল বন্ধ সহ, NYC পাবলিক স্কুল সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখ, কর্মকান্ড, এবং শেষ তারিখ পাবার জন্য, ফেসবুকে "NYCSchools" লাইক করুন এবং টুইটার ও ইনস্টাগ্র্যামে আমাদের ফলো করুন @ NYCSchools।

# মেয়র এবং চ্যান্সেলরের পক্ষ থেকে একটি বার্তা



প্রিয় পরিবারবর্গ, 2019–20 স্কুল বছরে, এবং *NYC পাবলিক স্কুল গাইডবুকের* এই বছরের সংখ্যায় স্বাগতম।

আমরা বিশ্বাস করি জ্ঞানই শক্তি এবং যেই জিপ কোডেই আপনি থাকুন না কেন, আপনার সন্তান একটি চমৎকার শিক্ষা পাবার অধিকার রাখে। এখানে আপনি গুরুত্বপূর্ণ স্কুলে যোগাযোগের তথ্য, প্রোগ্রাম, নিয়ম নীতি, এবং আপনি ও আপনার পরিবারের জন্য অন্যান্য প্রয়োজনীয় রিসোর্স পাবেন। এই গাইডটি আপনার সন্তানের শিক্ষার জন্য সবচেয়ে ভাল সিদ্ধান্তটি নিতে উদ্বুদ্ধ করবে। আরো জানতে, আপনার সন্তানের গ্রেড অনুযায়ী সেকশনটি দেখুন।

সিটি অভ নিউ ইয়র্ক এবং ডিপার্টমেন্ট অভ এডুকেশনের পক্ষ থেকে, আমরা আপনার এবং আমাদের সকল শিক্ষার্থীদের জন্য একটি চমৎকার এবং সফল স্কুল বছর কামনা করছি।

একাত্নতার সাথে,

বিল ডি ব্লাজিও
(Bill de Blasio)
NYC মেয়র

রিচার্ড এ. কারানজা
(Richard A. Carranza)
NYC স্কুলস্ চ্যান্সেলর

# 2019-20 স্কুল ক্যালেন্ডার

| | |
|---|---|
| **5 সেপ্টেম্বর** | **সকল শিক্ষার্থীদের জন্য স্কুলে প্রথম দিন**<br>(পাবলিক স্কুলের প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের জন্য আংশিক স্কুল দিবস) |
| **12 সেপ্টেম্বর** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - এলিমেন্টারি স্কুল এবং K-8 স্কুলগুলোর জন্য (সন্ধ্যায়) |
| **19 সেপ্টেম্বর** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - মিডল্ স্কুলগুলোর জন্য (সন্ধ্যায়) |
| **26 সেপ্টেম্বর** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - হাই স্কুলগুলোর জন্য (সন্ধ্যায়) |
| **30 সেপ্টেম্বর - 1 অক্টোবর** | রশ হাশানাহ (স্কুল বন্ধ) |
| **9 অক্টোবর** | ইয়ম কিপুর (স্কুল বন্ধ) |
| **14 অক্টোবর** | কলম্বাস ডে (স্কুল বন্ধ) |
| **5 নভেম্বর** | ইলেকশন ডে: শিক্ষার্থীরা স্কুলে আসবে না। |
| **6-7 নভেম্বর** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - মিডল্ স্কুল এবং D75 প্রোগ্রামগুলোর জন্য |
| **11 নভেম্বর** | ভেটেরান্স ডে উদযাপন (স্কুল বন্ধ) |
| **13-14 নভেম্বর** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - এলিমেন্টারি স্কুল এবং K–8 স্কুলগুলোর জন্য |
| **21–22 নভেম্বর** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - হাই স্কুল, K–12, এবং 6–12 স্কুলগুলোর জন্য |
| **28-29 নভেম্বর** | থ্যাংক্সগিভিংয়ের ছুটি (স্কুল বন্ধ) |
| **23 ডিসেম্বর – 1 জানুয়ারি** | শীতকালীন ছুটি (স্কুল বন্ধ) |
| **2 জানুয়ারি** | স্কুল পুনরায় খুলবে |
| **20 জানুয়ারি** | ড. মার্টিন লুথার কিং জুনিয়র ডে (স্কুল ছুটি) |
| **27 জানুয়ারি** | ক্ল্যারিকাল ডে - শুধুমাত্র উপরের গ্রেডের শিক্ষার্থীদের জন্য<br>(হাই স্কুল এবং 6–12 স্কুলের শিক্ষার্থীরা স্কুলে আসবে না, এর ব্যতিক্রম হল D75 স্কুলের প্রোগ্রামগুলোর শিক্ষার্থীরা) |
| **17–21 ফেব্রুয়ারি** | মধ্য শীতের ছুটি (স্কুল বন্ধ) |
| **4–5 মার্চ** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - এলিমেন্টারি স্কুল এবং K–8 স্কুলগুলোর জন্য |
| **12–13 মার্চ** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - মিডল্ স্কুল এবং D75 প্রোগ্রামগুলোর জন্য |
| **19–20 মার্চ** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - হাই স্কুল, K–12, এবং 6–12 স্কুলগুলোর জন্য |
| **9-17 এপ্রিল** | বসন্তকালীন (স্প্রীং) ছুটি(স্কুল বন্ধ) |
| **7 মে** | প্যারেন্ট টিচার কনফারেন্স* এলিমেন্টারি স্কুল এবং K–8 স্কুলগুলোর জন্য (সন্ধ্যায়) |


| | |
|---|---|
| **14 মে** | প্যারেন্ট টিচার কনফারেন্স* - মিডল্ স্কুলগুলোর জন্য (সন্ধ্যায়) |
| **21 মে** | প্যারেন্ট টিচার কনফারেন্স* হাই স্কুল, K–12, এবং 6–12 স্কুলগুলোর জন্য (সন্ধ্যায়) |
| **25 মে** | মেমোরিয়াল ডে (স্কুল বন্ধ) |
| **4 জুন** | এনিভার্সারি ডে: শিক্ষার্থীরা স্কুলে আসবে না। |
| **9 জুন** | ক্ল্যারিকাল ডে - শুধুমাত্র নিচের গ্রেডের শিক্ষার্থীদের জন্য<br>(এলিমেন্টারি স্কুল, মিডল্ স্কুল, এবং D75-এর শিক্ষার্থীরা স্কুলে আসবে না) |
| **26 জুন** | **সকল শিক্ষার্থীদের জন্য স্কুলবছরের শেষ দিন** (আগে ছুটি) |

*বেশীরভাগ স্কুল গ্র্যাজুয়েশন হয় জুনের শেষদিকে। স্কুলগুলো নিজস্বভাবে তাদের তারিখ নির্ধারণ করে। বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন।*

** সমগ্র সিটিজুড়ে প্যারেন্ট-টিচার কনফারেন্সের তারিখগুলো একই। তবে, স্কুল, অনুমোদন সাপেক্ষে বিকল্প কোনো তারিখে কনফারেন্সের ব্যবস্থা করতে পারে। সুনির্দিষ্ট কর্মসূচি জানতে স্কুলের সাথে যোগাযোগ করুন। পরীক্ষার তারিখ ও অন্যান্য কর্মসূচির জন্য, ভিজিট করুন: schools.nyc.gov/calendar।*

# স্কুল ডিস্ট্রিক্টগুলোর ম্যাপ

আপনার স্কুল ডিস্ট্রিক্ট এবং জোনভুক্ত স্কুলগুলো খুঁজে বের করতে, ভিজিট করুন: schools.nyc.gov/find-a-school।



# এই গাইডে আছে

## বিষয়সূচি


**P.4 2019–20 স্কুল ক্যালেন্ডার**

**P.5 ডিস্ট্রিক্ট ম্যাপ**

**P.7 NYC স্কুলসমূহ: ইক্যুইটি অ্যান্ড এক্সেলেন্স ফর অল**

**P.8 আর্লি চাইল্ডহুড লার্নিং**

- ইনফ্যান্ট এবং টডলার কেয়ার প্রোগ্রাম
- 3-K
- প্রি-K
- 3-K এবং প্রি-K প্রোগ্রামগুলোতে আবেদন

**P.10 NYC স্কুলগুলোতে তালিকাভুক্তি (এনরোল)**

- এলিমেন্টারি স্কুল (গ্রেড K–5)
- চার্টার স্কুল
- গিফটেড অ্যান্ড ট্যালেনটেড প্রোগ্রাম
- মিডল্ স্কুল (গ্রেড 6–8)
- হাই স্কুল (গ্রেড 9–12)

**P.18 কলেজের জন্য পরিকল্পনা**

- অ্যাকাডেমিকস
- কলেজে ভর্তি (এনট্রান্স) পরীক্ষা
- কলেজে আবেদন
- কলেজ এবং ক্যারিয়ারের জন্য রিসোর্স
- কলেজের বয়য় বহন

**P.21 শিক্ষার্থীদের শেখায় সহায়তা প্রদান**

- স্পেশাল এডুকেশন
- ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স/মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স
- অনুবাদ এবং দোভাষ পরিষেবা
- শিক্ষার্থীর অগ্রগতি এবং প্রোমোশন
- ক্লাসরুমের বাইরে শেখা

**P.25 পিতামাতাদের ক্ষমতায়ন (এমপাওয়ারমেন্ট)**

- শিক্ষকদের সাথে কাজ করা
- প্যারেন্ট টিচার কনফারেন্স
- স্কুলের কর্মশালা, মিটিং, এবং সিদ্ধান্তে অংশগ্রহণ করা
- প্যারেন্ট লিডারশিপ পজিশন

**P.27 সবার জন্য তথ্য**

- আমি কার সাথে কথা বলবো?
- সিটি স্কুলগুলোতে যাতায়াতের পরিবহন
- স্বাস্থ্য এবং কল্যাণ
- স্কুলের খাবার
- শৃঙ্খলা এবং নিরাপত্তা

**P.32 আপনার অধিকারগুলো জানুন**

- আমাদের সকল শিক্ষার্থীকে প্রতিরক্ষা
- শিক্ষার্থীদের ভোটদানের অধিকার সংক্রান্ত বিজ্ঞপ্তি
- গোপনীয়তার ফেডারেল অধিকার সম্পর্কিত বিজ্ঞপ্তি

**P.34 সূচিপত্র**

# NYC স্কুলসমূহ: ইক্যুইটি অ্যান্ড এক্সেলেন্স ফর অল

শিক্ষার্থীরা যেই হোক না কেন, যেখানেই থাকুক না কেন, এবং যে ভাষাতেই কথা বলুক না কেন, নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলো সকল শিক্ষার্থীদের তাদের সর্বোচ্চ সম্ভাবনা অর্জন করার জন্য প্রস্তুত করে।

2015-এর হেমন্তে (ফল), মেয়র বিল ডি ব্লাসিও সিটির শিক্ষার্থীদের জন্য **ইক্যুইটি অ্যান্ড এক্সেলেন্স ফর অল** -এ উচ্চাকাঙ্খী লক্ষ্য সহ এক সারি সম্পাদ্য কার্যাবলী উপস্থাপন করেন—এর লক্ষ্য হচ্ছে 2026 সাল নাগাদ, 80 শতাংশ সিটি শিক্ষার্থী সময়মতো হাই স্কুল গ্র্যাজুয়েশন করবে, এবং দুই-তৃতীয়াংশ কলেজের কঠোর পাঠ্যের জন্য প্রস্তুত হবে।

এই লক্ষ্য অর্জন করতে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন নিম্নলিখিত উদ্যোগগুলো নিয়েছেঃ

## 3-K/প্রি-K ফর অল

পাঁচ বছর আগে, নিউ ইয়র্ক, **প্রি-K ফর অল** প্রোগ্রামের মাধ্যমে সিটির প্রত্যেক চার বছর বয়সীদের জন্য উচ্চ মানের পূর্ণ দিবস **প্রি-কিন্ডারগার্টেন (প্রি-K)** বিনা মূল্যে প্রদান করে আর্লি চাইল্ডহুড এডুকেশনের জাতীয় মানদণ্ড প্রতিষ্ঠা করেছে।

ঐ সফলতার উপর ভর করে, এই হেমন্তে (ফল), DOE সিটির তিন বছর বয়সীদেরকে পূর্ণ দিবসের আর্লি চাইল্ডহুড এডুকেশন বিনামূল্যে প্রদানের জন্য **3-K ফর অল** উদ্যোগ চালু করেছে। 3-K ফর অল বর্তমানে কিছু নির্দিষ্ট ডিসট্রিক্টে আছে এবং সম্প্রসারিত হচ্ছে।

## সকলের জন্য AP

2021 সালের হেমন্তের মধ্যে, সব সিটি হাই স্কুল শিক্ষার্থীর জন্য অন্তত পাঁচটি **অ্যাডভান্সড প্লেসমেন্ট (AP)** কোর্স সহজলভ্য হবে।

## সবার জন্য কম্পিউটার সায়েন্স

NYC ফাউন্ডেশন ফর কম্পিউটার সায়েন্স এডুকেশন (CSNYC) এবং রবিন হুডের সাথে পাবলিক-পাইভেট অংশিদারিত্বের মাধ্যমে, 2025 সালের মধ্যে, সব নিউ ইয়র্ক



সিটি পাবলিক স্কুল শিক্ষার্থীরা স্কুলের প্রতিটি ধাপে উচ্চ মানের **কম্পিউটার সায়েন্সে (CS)** শিক্ষা গ্রহণ করবে।

- কম্পিউটার সায়েন্স ফর অল সম্পর্কে আরো জানতে cs4all.nyc -ওয়েবসাইটটি দেখুন।

## কলেজ অ্যাক্সেস ফর অল

2019-20 স্কুল বছর অনুযায়ী, মিডল স্কুল শিক্ষার্থী 6-8 গ্রেডে থাকাকালীন সময় একটি কলেজ ক্যাম্পাস পরিদর্শনের অন্ততপক্ষে একবার সুযোগ পাবে। অতিরিক্তভাবে, সকল সিটি পাবলিক স্কুল গ্র্যাজুয়েট নিজ চাহিদামাফিক কলেজ ও ক্যারিয়ার পরিকল্পনাসহ হাই স্কুল ত্যাগ করবে এবং সেই পরিকল্পনা বাস্তবায়নে সহায়ক রিসোর্স এবং নির্দেশনা লাভ করবে।

- নিউ ইয়র্ক সিটির ইক্যুইটি এন্ড এক্সেলেন্স ফর অল-এর মিশন ও উদ্যোগ সম্পর্কে আরো জানুন schools.nyc.gov/equityandexcellence -ওয়েবসাইটে।

## NYC স্কুলগুলোর উপরিচিত্র (ওভারভিউ):

**140,000** কর্মচারী

**1.1 মিলিয়ন** শিক্ষার্থী

**80,000** শিক্ষক

# আর্লি চাইল্ডহুড লার্নিং

## ইনফ্যান্ট অ্যান্ড টডলার কেয়ার প্রোগ্রাম

যেসব পরিবার আয় এবং যোগ্যতার শর্তগুলো পূরণ করে তাদের ছয় সপ্তাহ থেকে দুই বছরের সন্তানদের এই প্রোগ্রাম পরিষেবা দেয়। পরিবারেরা বাড়ি অথবা সেন্টারে অবস্থিত প্রোগ্রাম বেছে নিতে পারে। প্রোগ্রামগুলো গ্রীষ্মকাল সহ, সারা বছর ধরে পরিচালিত হয়। হেড স্টার্ট সহ, কিছু প্রোগ্রাম আছে, যেগুলো অব্যাহত তালিকাভুক্তি (এনরোলমেন্ট) অফার করে, এর মানে হল আপনার সন্তান বছরের যে কোন সময় এই প্রোগ্রামগুলোতে ভর্তি হতে পারবে।

- ইনফ্যান্ট অ্যান্ড টডলার কেয়ার প্রোগ্রামে তালিকাভুক্ত হওয়া সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে দেখুন schools.nyc.gov/earlylearn।




## 3-K

স্কুল এবং জীবনে ভবিষ্যত সাফল্যের জন্য প্রস্তুত হতে 3-K প্রোগ্রামগুলো তিন বছর বয়সীদের জন্য অনন্য সুযোগ প্রদান করে। উচ্চ মানের প্রিস্কুল শিশুর কিন্ডারগার্টেন ও পরবর্তী শিক্ষাগত কর্মসম্পাদনার উন্নতি ঘটায়।

নিউ ইয়র্ক সিটির যেসব শিশু 2017 সালে জন্মগ্রহন করেছে, তারা 2020-21 স্কুলবছরে 3-K প্রোগ্রামে অংশগ্রহণ করার যোগ্য। বর্তমানে 3-K নিম্নলিখিত ডিসট্রিক্টগুলোতে দেয়া হচ্ছে*, কিন্তু NYC-র সকল পরিবার এই প্রোগ্রামগুলোতে আবেদন করায় স্বাগতমঃ

- ডিসট্রিক্ট 4 (ইস্ট হারলেম)
- ডিস্ট্রিক্ট 5 (হারলেম)
- ডিসট্রিক্ট 6 (ওয়াশিংটন হাইটস এবং ইনউড)
- ডিসট্রিক্ট 7 (সাউথ ব্রংক্স)
- ডিসট্রিক্ট 8 (থ্রগস নেক, কান্ট্রি ক্লাব, পেলহাম বে, ক্যাসেল হিল, সাউন্ড ভিউ, হান্টস পয়েন্ট)
- ডিসট্রিক্ট 9 (গ্র্যান্ড কনকোর্স, হাইব্রিজ, মরিসানিয়া)
- ডিসট্রিক্ট 16 (বেডফোর্ড-স্টাইভেসান্ট)
- ডিসট্রিক্ট 19 (ইস্ট নিউ ইয়র্ক)
- ডিসট্রিক্ট 23 (ব্রাউন্সভিল, ইস্ট নিউ ইয়র্ক, ওশেন হিল)
- ডিসট্রিক্ট 27 (ব্রড চ্যানেল, হাওয়ার্ড বিচ, ওজন পার্ক, রকওয়েজ)
- ডিসট্রিক্ট 31 (স্ট্যাটেন আইল্যান্ড)
- ডিস্ট্রিক্ট 32 (বুশউইক)

*হেমন্ত (ফল) 2019 পর্যন্ত

- আরো জানুন nyc.gov/3k -ঠিকানায়।

## প্রি-K

প্রি-K শিশুদের সমস্যা সমাধান করতে, প্রশ্ন করতে, ভাষার দক্ষতা বাড়াতে, এবং একসাথে কাজ করতে শেখায়। নিউ ইয়র্ক সিটির প্রতিটি চার বছরের শিশু উচ্চ মান সম্পন্ন, পূর্ণ দিবসের প্রি-K-তে বিনামূল্যে অংশগ্রহণ করতে পারে। প্রতিটি এলাকার ডিস্ট্রিক্ট স্কুল, প্রি-K সেন্টার এবং নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টারগুলোতে (NYCEECs) এই প্রোগ্রামগুলো অবস্থিত।

- আরো জানুন nyc.gov/prek -ঠিকানায়।





## 3-K এবং প্রি-K প্রোগ্রামগুলোতে আবেদন করার কিছু পরামর্শ

সর্বশেষ তথ্য, অনুষ্ঠান (ইভেন্টস), এবং শেষ তারিখ (ডেডলাইন) জানতে DOE-র প্রি-K (nyc.gov/prek) এবং 3-K (nyc.gov/3k) ওয়েবসাইটে প্রায়ই ভিজিট করুন।

### হেমন্ত (ফল) 2019:

- একটি **MySchools** একাউন্ট খুলুন (সেট আপ করুন) (myschools.nyc) যার সাহায্যে আপনার এলাকার প্রোগ্রামগুলো খুঁজতে, বিশ্লেষণ এবং আবেদন করতে পারবেন।
- প্রি-K এবং 3-K ভর্তি সম্পর্কে আরো জানতে একটি এলিমেন্টারি ভর্তি কর্মশালায় (অ্যাডমিশনস ইভেন্টে) যোগ দিন। ইভেন্টের তারিখগুলো খুঁজে নিন schools.nyc.gov/calendar -এই ঠিকানায়।

### জানুয়ারি 2020:

- প্রি-K এবং 3-K অ্যাডমিশনস সম্পর্কে আরো জানতে **প্রি-K অ্যাডমিশনস গাইডটি** পড়ুন, যেটা পাওয়া যাবে DOE-এর প্রি-K ওয়েবসাইটে এবং সারা সিটি জুড়ে অবস্থিত ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলোতে।
- পছন্দের কর্মশালাগুলির (ইভেন্ট) ওপেন হাউসে অংশ নিন। DOE-এর প্রি-K এবং 3-K ওয়েবসাইটে তারিখ ও স্থান সম্পর্কিত তথ্য পোস্ট করা হবে।

### ফেব্রুয়ারি 2020:

- যখন প্রি-K এবং 3-K অ্যাডমিশন প্রক্রিয়া শুরু হবে, তখন আপনার সন্তানের মাইস্কুলস (MySchools) আবেদনে 12-টি পর্যন্ত প্রোগ্রাম যোগ করুন। আপনি ব্যক্তিগতভাবে ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে উপস্থিত হয়ে অথবা (718) 935-2067 নম্বরে ফোন করেও আবেদন করতে পারেন।
- প্রি-K/3-K ভর্তি (অ্যাডমিশনস) সম্পর্কে প্রশ্ন আছে? আউটরিচ টিম যেন আপনাকে ফোন করে সেজন্যে schools.nyc.gov/enrollment -ওয়েবসাইটে অনুরোধ করুন, অথবা আপনার স্থানিয় ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের স্টাফ সদস্যের সাথে কথা বলুন, অথবা ফোন করুন (718) 935-2009 নম্বরে।

### আপনি কি জানেন?

DOE সকল সিটি স্কুলের কোয়ালিটি স্ন্যাপশট (গুণগতমানের উপরিচিত্র), গাইড এবং পারফর্মেন্স ড্যাশবোর্ড প্রকাশ করে। আপনার স্কুলের অনুশীলন, পরিবেশ ও কর্মসম্পাদনা সম্পর্কে আরো জানতে schools.nyc.gov/schoolqualityreports -ওয়েবসাইটটি দেখুন।

# এলিমেন্টারি স্কুল (গ্রেড K–5)

**এলিমেন্টারি স্কুল** শিশুরা যেন পরবর্তী গ্রেডগুলোর চ্যালেঞ্জ মোকাবেলা করতে পারে, সেলক্ষ্যে তাদের সহায়তা করার জন্য তাদের শেখার এবং নতুন নতুন বিষয় মনে রাখার ক্ষমতা বাড়ায়, এবং তাদের সৃজনশীলতা ও সমালোচনামূলক চিন্তা করতে শেখায়। গ্রেড K-5 শিক্ষার্থীদের রিডিং (পড়া), রাইটিং (লেখা), লিসেনিং (শোনা), স্পিকিং (বলা), ম্যাথ (গণিত), সায়েন্স (বিজ্ঞান), সোশ্যাল স্টাডিজ (সমাজ পাঠ), হেলথ (স্বাস্থ্য), ফিজিক্যাল এডুকেশন (দেহচর্চা শিক্ষা), এবং আর্টসে (শিল্পকলা) ভিত্তিগত দক্ষতা বাড়ায়।

নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থীরা, যে ক্যালেন্ডার বছরে তাদের বয়স পাঁচ হবে, সেবছর তারা এলিমেন্টারি স্কুলের কিন্ডারগার্টেনে ভর্তি হবার যোগ্য হবে। প্রতি শীতকালে, পরবর্তী স্কুলবছরের জন্য আমরা কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন গ্রহণ করি এবং যোগ্য সকল আবেদনকারীর একটি আসন পাবার নিশ্চয়তা দেই। আপনার সন্তান যদি বর্তমানে প্রি-K-এর শিক্ষার্থী হয়েও থাকে, আপনাকে অবশ্যই একটি কিন্ডারগার্টেনের আবেদন জমা দিতে হবে।

## চার্টার স্কুল (K–12)

এছাড়াও NYC পরিবারেরা চাইলে **চার্টার স্কুলে** আবেদন করতে পারে, যেগুলো একটি কন্ট্রাক্টের অধিনে পরিচালিত হওয়া স্বাধীন পাবলিক স্কুল, অথবা পাঁচ বছর পর্যন্ত "চার্টার", এবং প্রি-K সহ, এলিমেন্টারি, মিডল, এবং/অথবা হাই স্কুল গ্রেডগুলোকে পরিষেবা দিতে পারে। নিউ ইয়র্কে, যদি কোন শিক্ষার্থী পাবলিক স্কুলে ভর্তি হবার যোগ্য হয়, তবে সে চার্টার স্কুলে ভর্তি হবারও যোগ্য।

যেহেতু চার্টার স্কুলগুলো নিজস্বভাবে তাদের পাঠ্যক্রম এবং নিয়ম নীতি ধার্য্য করে, সুনির্দিষ্ট ভর্তির তথ্য এবং অ্যাকাডেমিক প্রত্যাশা এক স্কুল থেকে অন্য স্কুলে ভিন্ন হতে পারে। প্রতিটি চার্টার স্কুলের নিজস্ব ভর্তির আবেদন এবং লটারি আছে, এবং শিক্ষার্থীরা তাদের ইচ্ছা অনুযায়ী যতগুলো চার্টার স্কুলে খুশি আবেদন করতে পারে।

পরিবারেরা সিটির কোন চার্টার স্কুলে আবেদন করতে উৎসাহি হলে, তাদের উচিত হবে আমাদের ওয়েবসাইটের **Find a School (ফাইন্ড এ স্কুল)** টুলটি ব্যবহার করে, কোন স্কুলটি তাদের সন্তানদের জন্য সবচেয়ে বেশী প্রযোজ্য কোন্, তা নির্ণয় করা। ভর্তি প্রক্রিয়া এবং পাঠ্যক্রম সম্পর্কে আরও জানতে প্রতিটি স্কুলের সাথে পৃথকভাবে যোগাযোগ করুন।

➤ সিটির চার্টার স্কুলগুলো সম্পর্কে আরো জানতে দেখুন schools.nyc.gov/charters।

## এলিমেন্টারি স্কুলে আবেদন করার কিছু পরামর্শ

সর্বশেষ ভর্তির তথ্য, বিভিন্ন অনুষ্ঠান, এবং আবেদনের শেষ তারিখ জানতে DOE-র এলিমেন্টারিতে ভর্তির ওয়েবসাইট (schools.nyc.gov/enrollment) দেখুন।

### সেপ্টেম্বর 2019:

- ❑ একটি **MySchools** অ্যাকাউন্ট তৈরি করুন (myschools.nyc সাইটে) এবং ড্যাশবোর্ডে আপনার সন্তানকে যোগ করুন। এরপর আপনার কোন জোনভুক্ত স্কুল আছে কিনা খুঁজে দেখুন এবং আপনার বিকল্পগুলো অনুসন্ধান করুন।

### অক্টোবর 2019:

- ❑ একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার অথবা নিকটস্থ স্কুল থেকে **কিন্ডারগার্টেন অ্যান্ড গিফটেড অ্যান্ড ট্যালেনটেড অ্যাডমিশন্স গাইড**-এর একটি কপি নিন।
- ❑ একটি এলিমেন্টারি স্কুল অ্যাডমিশনস কর্মশালায় উপস্থিত হোন। ইভেন্টের তারিখগুলো খুঁজে নিন schools.nyc.gov/calendar -এই ঠিকানায়।
- ❑ ওপেন হাউস এবং ট্যুরের তারিখগুলো জানতে স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করুন, অথবা আমাদের ওয়েবসাইটে ওপেন হাউসের তারিখগুলো দেখে নিন।

**নভেম্বর 2019:** কিন্ডারগার্টেনে আবেদনের পিরিয়ড শুরু হবে। MySchools-এ অনলাইনে সর্বমোট 12টি পর্যন্ত প্রোগ্রামে আবেদন করুন, জানুয়ারিতে আবেদনের শেষ সময়ের মধ্য আপনি চাইলে ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে অথবা (718)935-2009 নম্বরে ফোন করেও আবেদন করতে পারেন।



## কিন্ডারগার্টেন:

কিন্ডারগার্টেনে স্বাক্ষরতা এবং অঙ্কশাস্ত্র শেখার প্রাথমিক ভিত্তি প্রতিষ্ঠিত হয়। পাঠ্যবিষয়ের মধ্যে আছেঃ

- বর্ণমালা শেখা (এর মধ্যে অন্তর্ভূক্ত আছে বর্ণমালার আওয়াজ, শব্দ, উচ্চারণ);
- মুখে বলার মাধ্যমে, এঁকে, ও লিখে ধারনা এবং অনুভূতি শেয়ার করা;
- মিউজিক, মুভমেন্ট, এবং প্লেমেকিং অন্বেষণ করা;
- সংখ্যা পরিচিতি এবং 100 পর্যন্ত গণনা; এবং
- 10 পর্যন্ত সংখ্যার যোগ এবং বিয়োগ।

## প্রথম গ্রেড

প্রথম গ্রেডের শিক্ষার্থীরা শব্দ, গণিত (ম্যাথ), এবং তাদের চারিপাশের জগৎ সম্পর্কে শেখার পাঠ্যক্রমে অন্তর্ভূক্ত আছেঃ

- প্লেইস ভ্যাল্যু এবং পূরো নম্বর সম্পর্কে বোঝা;
- 20 পর্যন্ত সংখ্যার যোগ এবং বিয়োগ।
- সময় বলতে পারা; এবং
- জীবিত বিষয়ের গঠন এবং আচরণ সম্পর্কে পাঠ করা।

## দ্বিতীয় গ্রেড:

দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীরা বিভিন্ন রকম টেক্সটের (পাঠ্য) সাহায্যে রিডিং এবং রাইটিং-এর দক্ষতা বাড়াবে এবং তাদের গণিতের পূর্ব বছরের দক্ষতাগুলোকে আরো সম্প্রসারিত করবে। দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীরা যা শিখবেঃ

- তাদের নিজেদের লেখা সম্পাদন (এডিট) করা;
- তারা যা পড়ে, তা নিয়ে "কে, কী, কোথায়, কখন, কেন এবং কীভাবে" ইত্যাদি প্রশ্ন করা;
- অংক-ভিত্তিক ওয়ার্ড প্রবলেম (পাটিগণিত) সমাধান করা;
- পরিমাপ করার প্রচলিত ইউনিটের ব্যবহার করা; এবং
- প্রাথমিক আর্থ সায়েন্স অন্বেষণ করা।

## তৃতীয় গ্রেড

তৃতীয় গ্রেডে, শিক্ষার্থীরা তাদের চারিপাশের জগত সম্পর্কে অধ্যয়ন করবে, তাদের ধারনাগুলো আরো স্পষ্টভাবে প্রকাশ করতে শিখবে, এবং গণিতে তাদের পান্ডিত্য আরো বৃদ্ধি করবে। তৃতীয় গ্রেডের শিক্ষার্থীরাঃ

- 100 পর্যন্ত সংখ্যা দিয়ে গুণ এবং ভাগ করে সমস্যা সমাধান করতে শিখবে;
- ভগ্নাংশ (ফ্র্যাকশন) সম্পর্কে একটি ধারণা তৈরি করবে;
- বিশ্বের বিভিন্ন কমিউনিটি এবং সংস্কৃতি সম্পর্কে শিখবে;
- উদ্ভিদ এবং প্রাণীরা কিভাবে তাদের পরিবেশের সাথে নিজেদের খাপ খাইয়ে নেয় এবং বসবাস করে সেসম্পর্কে শিখবে; এবং
- প্রথমবারের মত (3-8 গ্রেড) NY স্টেট ম্যাথ/ELA পরীক্ষা দিবে বলে প্রত্যাশা করা হয়।



## চতুর্থ গ্রেড

যখন শিক্ষার্থীরা চতুর্থ গ্রেডে যাবে, তারা যা শিখবেঃ

- বিভিন্ন টেক্সটের (পাঠ্য) মূলভাব অথবা বিষয়বস্তু চিহ্নিত করতে, নোট নিতে, রিসার্চ করতে, এবং তথ্য গুছাতে শিখবে;
- ভগ্নাংশ (ফ্র্যাকশন) যোগ, বিয়োগ, এবং গুণ করবে;
- কোণ, ভর, এবং সময় গণনা করবে;
- শক্তি (এনার্জি), গতি (মোশন), বিদ্যুত (ইলেক্ট্রিসিটি), এবং চুম্বকত্বের (ম্যাগনেটিজম) বৈশিষ্ট্য অন্বেষণ করবে; এবং
- প্রাণীসত্তা (অরগানিজম) এবং পরিবেশের ভারসাম্য (ইকোসিস্টেম) সম্পর্কে অধ্যয়ন করবে, এবং কীভাবে পানি, মাটি, এবং বাতাস পরস্পরের সাথে ক্রিয়া প্রতিক্রিয়া করে।

## পঞ্চম গ্রেড

পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা -- যেটা মিডল্ স্কুলে যাবার আগে শেষ গ্রেড -- যেসব বিষয় তারা 6-8 গ্রেডে পড়বে ঐ বিষয়গুলোর উপর তারা মনোনিবেশ করবে। যেসব বিষয় পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা পড়বে তা হলঃ

- আলঙ্কারিক (ফিগারেটিভ) ভাষা ব্যবহার করতে শিখবে;
- দশমিক একশ-এর স্থান পর্যন্ত ব্যবহার করতে শিখবে;
- ভলিউম এবং জ্যামিতি সম্পর্কে ধারনা তৈরি করবে;
- অ্যাডভান্সড দশমিক (ফ্র্যাকশন), পরিমাপ (মেজারমেন্ট), এবং সূচক (এক্সপোনেন্ট) কীভাবে ব্যবহার করতে হবে তা অন্বেষণ করবে; এবং
- ভৌগলিক বিশ্ব (ওয়ার্ল্ড জিওগ্রাফী), পশ্চিমা সংস্কৃতি (ওয়েস্টার্ন কালচার), এবং আদি পশ্চিমা সমাজ ব্যবস্থা (আর্লি ওয়েস্টার্ন সোসাইটি) সম্পর্কে পড়বে।

## গিফটেড অ্যান্ড ট্যালেনটেড প্রোগ্রাম (গ্রেড K-5)

গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড **(G&T)** কর্মসূচিগুলি উন্নতমানের এলেমেন্টারি স্কুলের বিকল্প, যেগুলো শিক্ষার্থীদের দ্রুততর, কঠোর এবং স্পেশালাইজড নির্দেশনা প্রদান করে। যেসব শিক্ষার্থী K–3 গ্রেডে ভর্তি হচ্ছে, তারা G&T ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য যোগ্য, যার মধ্যে অন্তর্ভূক্ত আছে একটি G&T মূল্যায়ন।

➤ আরও জানুন schools.nyc.gov/gt -সাইটে।

# মিডল্ স্কুল (গ্রেড 6–8)

শিক্ষার্থীর অ্যাকাডেমিক এবং সামাজিক-মানসিক বেড়ে ওঠায় একটি গুরুত্বপূর্ণ সময় হচ্ছে **মিডল স্কুল**। এটা এমন একটা সময় যখন তাদের শারীরিক, মানসিক, এবং সামাজিক পরিবর্তন ঘটে। শিক্ষার্থীরা তাদের স্বকিয়তা অন্বেষণ করার পাশাপাশি হাই স্কুল এবং এর পরবর্তী জীবনের ভিত্তি স্থাপন করা শুরু করে, এই সময় পিতামাতা হিসেবে সন্তানের সাথে সম্পৃক্ত থাকা এবং তাদের জীবনে কি ঘটছে সেসম্পর্কে খোঁজ খবর রাখা প্রয়োজন।

যেসব শিক্ষার্থী বর্তমানে পঞ্চম গ্রেডে কোন একটি K-5, K-8, অথবা K-12 স্কুলে পড়ছে, তাদের যদি নিশ্চিত (গ্যারান্টিড) অফার থেকেও থাকে, তবুও তাদের পঞ্চম গ্রেডে থাকা অবস্থায় এই হেমন্তে (ফল) মিডল্ স্কুলের জন্য আবেদন করতে হবে। K-6 স্কুলের শিক্ষার্থীরা তাদের ষষ্ঠ গ্রেডের হেমন্তে (ফল) আবেদন করবে। কিছু মিডল্ স্কুলের প্রোগ্রাম আছে যেগুলো শিক্ষার্থীর আবেদন - গ্রেড, পরীক্ষার ফলাফল, এবং/অথবা অন্যান্য মানদণ্ডের উপর ভিত্তি করে, অথবা ভর্তির গুরুত্ব - শিক্ষার্থী কোথায় বসবাস করে বা স্কুলে যায় তার উপর ভিত্তি করে তৈরি করা।

➤ মিডল্ স্কুলে ভর্তি সম্পর্কে আরও জানতে schools.nyc.gov/middle -সাইটটি দেখুন।



## মিডল স্কুলে আবেদনে কিছু পরামর্শ



সর্বশেষ ভর্তির তথ্য, বিভিন্ন অনুষ্ঠান, এবং আবেদনের শেষ তারিখ জানতে DOE-র মিডল্ স্কুল ভর্তির ওয়েবসাইট (schools.nyc.gov/middle) দেখুন।

### সেপ্টেম্বর 2019:

- ❑ একটি **MySchools** অ্যাকাউন্ট তৈরি করুন (myschools.nyc সাইটে) এবং ড্যাশবোর্ডে আপনার সন্তানকে যোগ করুন।

### অক্টোবর 2019:

- ❑ 2019-এর হেমন্তে (Fall) **এলিমেন্টারি স্কুলগুলি এবং ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহে লভ্য**, DOE-র মিডল্ স্কুলে ভর্তির গাইড দেখুন।
- ❑ মিডল্ স্কুলের বিভিন্ন অপশনগুলো আলোচনা করতে গাইডেন্স কাউন্সেলরের সাথে সাক্ষাৎ করুন।
- ❑ ওপেন হাউস ও তথ্য অধিবেশন সম্পর্কে জানতে সরাসরি স্কুলগুলির সাথে যোগাযোগ করুন, এবং মিডল স্কুল মেলা ও অন্যান্য অনুষ্ঠানে অংশ নিন।

### নভেম্বর 2019:

- ❑ MySchools-এ অথবা আপনার স্কুল কাউন্সেলরের মাধ্যমে আপনার সন্তানের মিডল্ স্কুল আবেদনটি দেখুন। আপনার সন্তানের আবেদনপত্রে 12টি পর্যন্ত প্রোগ্রাম অন্তর্ভুক্ত করুন এবং আপনার প্রকৃত পছন্দের অগ্রাধিকারক্রম অনুযায়ী সাজান।
- ❑ অডিশন, ইন্টারভিউ, এবং/অথবা মূল্যায়নসহ স্কুলে ভর্তির যেকোন বাড়তি শর্ত পূরণ করতে প্রস্তুত থাকুন।




## ষষ্ঠ গ্রেড

যখন শিক্ষার্থীরা মিডল্ স্কুল শুরু করে, তখন তাদের কিছু পাঠ্য বিষয়বস্তু তাদের নিম্নলিখিত শিক্ষা বাধ্যতামূলক করেঃ

- ভাষার চর্চা, শৈলী, এবং ধারার উন্নয়নে বর্ণনামূলক এবং বিতর্কমূলক লেখা লিখবে।
- এরিয়া, সার্ফেস, পেরিমিটার, এবং ভলিউম সহ জ্যামিতিক জ্ঞান বৃদ্ধি করবে।
- অ্যালজেব্রা, স্ট্যাটিসটিকস, এবং রেশিও অধ্যয়ন করবে;
- পৃথিবীর পরিবেশের ভারসাম্য (ইকোসিস্টেম) সম্পর্কে তাদের ধারণা আরো গভীরতর করবে; এবং
- আফ্রিকা, এশিয়া, ইউরোপ, এবং অস্ট্রেলিয়া সহ পশ্চিম গোলার্ধের ভূগোল এবং ইতিহাস অন্বেষণ করবে।

## সপ্তম গ্রেড

সপ্তম গ্রেডে, শিক্ষার্থীরাঃ

- বিভিন্ন ধারার এবং শৈলীর লেখা লিখবে, এর মধ্যে অন্তর্ভূক্ত আছে ভিন্ন ভিন্ন মতবাদে বিতর্কমূলক রচনা লেখা;
- রেট, রেশিও, প্রোপোরশন, এবং পার্সেন্টেজ ব্যবহার করে গাণিতিক সমস্যা সমাধান করবে;
- জ্যামিতিক ক্ষেত্র গঠন করবে;
- ভূতত্ত্ব (জিয়োলজি) এবং প্রকৌশল (ইনজিনিয়ারিং) সম্পর্কে পড়বে;
- ঔপনিবেশিক সময়ের আগে থেকে গৃহযুদ্ধের সময় পর্যন্ত এই সিটি, নিউ ইয়র্ক স্টেট, এবং আমেরিকার ইতিহাস শিখবে; এবং
- ভিজ্যুয়াল আর্টস, মিউজিক, ড্যান্স অথবা থিয়েটার অন্বেষণ করবে।

## অষ্টম গ্রেড

অষ্টম গ্রেডের শিক্ষার্থীরা যাদের হাই স্কুলে যাবার আগে পূর্ণ এক বছর বাকি আছে, তারাঃ

- হাই স্কুল পর্যায়ের পাঠ্যের জন্য প্রস্তুত হবার লক্ষ্যে ব্যাপক পরিসরের লেখা অনুধাবন এবং বিশ্লেষণ করবে;
- লেখার বিভিন্ন কৌশল শিখবে, এর মধ্যে অন্তর্ভূক্ত আছে সাদৃশ্যমূলক (এনালোজি), ইঙ্গিতমূলক (অ্যালুশন), এবং বিদ্রুপাত্মক (আয়রনি) ধারা;
- বিতর্কমূলক লেখা যুক্তি এবং কারণ দিয়ে বিশ্লেষণ করবে;
- গ্রাফ ব্যবহার করে অ্যালজেব্রার (বীজগণিত) সূত্র সমাধান করবে, পিথাগোরিয়ান থিওরী ব্যবহার করবে, এবং দ্বি- ও ত্রিমাত্রিক আকৃতি বিশ্লেষণ করবে; এবং
- জেনেটিকস (প্রজননশাস্ত্র) এবং এভ্যোলুশনারি (ক্রমবিকাশ-সম্বন্ধীয়) বায়োলজি পড়বে।

# হাই স্কুল (9–12 গ্রেড)

হাই স্কুল একটি চমকপ্রদ সময়; শিক্ষার্থীদের জন্য অনেক অপশন আছে -- এবং একই সাথে অনেক দায়িত্বও আছে। বিভিন্ন বিষয়বস্তু শিক্ষার্থীরা আয়ত্ত করতে মনোনিবেশ করে, কলেজ এবং ক্যারিয়ার অন্বেষণ করে, এবং গ্র্যাজুয়েশনের শর্তাবলী পূরণের লক্ষ্যে কাজ করে। গ্রেড, কোর্সওয়ার্ক, নিয়মিত পাঠ্যক্রম বহির্ভূত কর্মকান্ড, ইন্টার্নশীপ, এবং ভলান্টিয়ারের অভিজ্ঞতা খুবই গুরুত্বপূর্ণ। সন্তানের কোন্ দায়িত্বটিতে তার অগ্রাধিকার দিতে হবে এবং ঠিকভাবে পড়াশোনা এগুচ্ছে কিনা তা নিশ্চিত করতে, আপনার সহায়তা তার প্রয়োজন হতে পারে।

নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের অষ্টম গ্রেডে থাকাকালীন সময় অবশ্যই হাই স্কুলের জন্য আবেদন করতে হবে। 700-এর বেশী প্রোগ্রাম আছে, এবং শিক্ষার্থীরা সর্বমোট 12টি পর্যন্ত প্রোগ্রাম তাদের আবেদনে অন্তর্ভুক্ত করতে পারবে। কিছু স্কুল কোর্সের গ্রেড (ফলাফল), **নিউ ইয়র্ক স্টেট ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) অ্যান্ড ম্যাথমেটিকস** পরীক্ষা, উপস্থিতি, অডিশন, এবং/অথবা অন্যান্য মানদণ্ড মূল্যায়ন করে, অথবা শিক্ষার্থী কোথায় বসবাস করে তার উপর ভিত্তি করে ভর্তির অগ্রাধিকার নির্ধারণ করে।

- হাই স্কুলে ভর্তি সম্পর্কে আরও জানতে schools.nyc.gov/high -সাইটটি দেখুন।

LaGuardia High School-এ আগ্রহী শিক্ষার্থীরা সর্বোচ্চ ছয়টি স্টুডিওতে অডিশন দিতে পারে, এবং/অথবা **স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)** দিতে পারে, যা আটটি **স্পেশালাইজড্ হাই স্কুলে** ভর্তিতে ব্যবহৃত হয়।

- স্পেশালাইজড্ হাই স্কুলে ভর্তি সম্পর্কে আরও জানতে schools.nyc.gov/shs -সাইটটি দেখুন।
- DREAM প্রোগ্রামের মাধ্যমে SHSAT-এর জন্য প্রস্তুতি নেয়া সম্পর্কে আরো জানতে দেখুন schools.nyc.gov/dreamprogram।

## হাই স্কুলে আবেদন করার কিছু পরামর্শ

হাই স্কুল অ্যাডমিশন সংক্রান্ত সর্বশেষ তথ্য সহ, অনুষ্ঠান এবং শেষ তারিখ জানতে DOE-র হাই স্কুল অ্যাডমিশন ওয়েবসাইটটি দেখুন (schools.nyc.gov/high)।

একটি **MySchools** একাউন্ট (myschools.nyc) তৈরি করুন এবং ড্যাশবোর্ডে আপনার সন্তানকে অন্তর্ভূক্ত করুন। NYC-র হাই স্কুল অপশনগুলো সহ, কোর্সসমূহ, স্পোর্টস, এবং আরও বিষয়ে জানতে MySchools ব্যবহার করুন।

### অক্টোবর 2019:

- ❑ 2019-এর হেমন্তে (Fall) হাই স্কুল এবং ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলোতে লভ্য, নতুন **হাই স্কুল ভর্তির গাইডটি** দেখুন।

### NYC-র স্পেশালাইজড্ হাই স্কুলগুলোতে আবেদন করতে আগ্রহী?

- ❑ সর্বশেষ প্রকাশিত **স্পেশালাইজড্ হাই স্কুলস স্টুডেন্ট হ্যান্ডবুকটি** পড়ুন, যা পাওয়া যাবে 2019-এর হেমন্তে (ফল) schools.nyc.gov/shs -ওয়েবসাইটে, এবং MySchools-এ আপনার সন্তানের পরীক্ষা এবং/অথবা অডিশন সময়সূচিভুক্ত করুন।
- ❑ হাই স্কুল অ্যাডমিশনস গাইডের “Know Your Chances” (“আপনার সম্ভাবনা সম্পর্কে জানুন”) সেকশনটিতে স্ক্রিনড অথবা অডিশনের জন্য প্রোগ্রামের শর্তাবলী দেখুন।
- ❑ হাই স্কুলে ভর্তি সম্পর্কে আরো জানতে হাই স্কুল ফেয়ারে অংশ নিন।
- ❑ সরাসরি স্কুলে যোগাযোগ করে তাদের কোন বিশেষ অনুষ্ঠান, ওপেন হাউস বা শিক্ষার্থী দ্বারা পরিচালিত সফর (ট্যুর) আছে কিনা খোঁজ করুন।

### নভেম্বর 2019:

- ❑ যখন ভর্তি প্রক্রিয়া শুরু হবে, তখন আপনার সন্তানের আবেদনপত্রে 12টি পর্যন্ত প্রোগ্রাম অন্তর্ভুক্ত করুন এবং ওগুলোকে আপনার প্রকৃত অগ্রাধিকারক্রম অনুযায়ী সাজান।
- ❑ আপনার আবেদনে প্রোগ্রামের আবশ্যিক মূল্যায়ন, অডিশন, ইন্টার্ভিউ, অথবা অন্যান্য শর্তাবলীগুলো পূরণ করুন।
- ❑ 2019-এর ডিসেম্বরের শেষ তারিখের মধ্যে MySchools-এ অথবা আপনার সন্তানের স্কুল কাউন্সেলরের মাধ্যমে আবেদন করুন।

**মার্চ 2020:** শিক্ষার্থীরা হাই স্কুল অফার পাবে, এর মধ্যে অন্তর্ভূক্ত স্পেশালাইজড্ হাই স্কুল। এই সময়, শিক্ষার্থীদের সুযোগ থাকবে তাদের একটি অফার গ্রহণ করার অথবা রাউন্ড 2 ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করার। একটি রাউন্ড 2-এর অফার রাউন্ড 1-এর অফারের যায়গায় স্থান করে নেয়; শিক্ষার্থীরা অফারগুলো থেকে যেকোন একটি বেছে নিতে পারবেন না। রাউন্ড 2 অফার পাঠানো হবে 2020-এর মে মাসে।



## অ্যাকাডেমিকস

হাই স্কুল শেষ হবার আগে, শিক্ষার্থীদের বাধ্যতামূলকভাবে বিভিন্ন সুনির্দিষ্ট কোর্সে এবং ইংরেজি, গণিত, স্টাডিজ (সমাজ পাঠ), এবং বিজ্ঞান সহ বিভিন্ন বিষয়ে পরীক্ষায় পাশ করতে হবে। হাই স্কুল গ্রাজুয়েট হতে শিক্ষার্থীদেরকে অবশ্যই নির্দিষ্ট বিষয়গুলোতে 44 ক্রেডিট অর্জন করতে এবং নির্দিষ্ট পরীক্ষাগুলোতে উত্তীর্ণ হতে হবে।

স্কুলের উচিত শিক্ষার্থীরা যেন হাই স্কুল থেকে কলেজ অথবা ক্যারিয়ারে উত্তরনের জন্য পরিকল্পনা করে তা নিশ্চিত করা।

## ডিপ্লোমার জন্য শর্তাবলী

নিউ ইয়র্ক স্টেটে, শিক্ষার্থীরা তিন ধরনের ডিপ্লোমা অর্জন করতে পারে: একটি **লোকাল ডিপ্লোমা**, একটি **রিজেন্টস্ ডিপ্লোমা**, অথবা একটি **অ্যাডভান্সড রিজেন্টস্ ডিপ্লোমা**। সকল শিক্ষার্থীকে সবচেয়ে কঠোর ডিপ্লোমা অপশন যেটা তার পক্ষে সম্পন্ন করা সম্ভব সেটার জন্য উৎসাহিত করা উচিত। যদি কোন প্যারেন্ট মনে করে যে তাদের সন্তান সময়মত গ্র্যাজুয়েশন করতে পারবে না, তাদের উচিত শিক্ষার্থীর গাইডেন্স কাউন্সেলরের সাথে অতিসত্ত্বর যোগাযোগ করা।

➤ লোকাল, রিজেন্টস, এবং অ্যাডভান্স রিজেন্টস-এর শর্তাবলী সম্পর্কে, এবং পাশাপাশি কলেজ ও ক্যারিয়ারের প্রস্তুতি সম্পর্কে জানতে হলে, দেখুন schools.nyc.gov/graduationrequirements।

শিক্ষার্থীদের যতুটুকু সম্ভব সর্বোচ্চ চ্যালেঞ্জপূর্ণ কোর্স সম্পন্ন করা উচিত এবং তারা উচ্চতর কোর্সওয়ার্ক, ইলেকটিভ, এবং প্রয়োজনে বাড়তি সহায়তার সুযোগ গ্রহণ করতে পারে।

শিক্ষার্থীরা যারা হাই স্কুল শুরু করতে যাচ্ছে তাদের ধারাবাহিক **ক্যারিয়ার এন্ড টেকনিক্যাল এডুকেশন (CTE)** কোর্স নেয়ার সুযোগ রয়েছে, একটি সুনির্দিষ্ট ক্যারিয়ারের লক্ষ্যে এই সময়ে শিক্ষার্থীরা সায়েন্স, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং, এবং ম্যাথ (STEM) অধ্যয়ন করবে এবং ইন্ডাস্ট্রিতে কর্মরত পেশাজীবিদের পাশে কাজ করে ঐ পেশায় দক্ষতা অর্জন করবে। পেশার মধ্যে অন্তর্ভূক্ত হচ্ছে টেকনোলজি, হেলথ কেয়ার, মিডিয়া এন্ড ডিজাইন, কনস্ট্রাকশন, ইঞ্জিনিয়ারিং, ট্র্যান্সপোর্টেশন, কুলিনারি আর্টস এন্ড হসপিটালিটি, এবং বিজনেজ।

➤ আরো জানুন cte.nyc -সাইটে।

## গ্র্যাজুয়েশনের অন্যান্য উপায়

অতিরিক্ত বয়সী অথবা স্বল্প ক্রেডিট অর্জন করেছে এমন শিক্ষার্থীদের হাই স্কুল ডিপ্লোমা অর্জন করা এবং হাই স্কুল পরবর্তী জীবনের জন্য প্রস্তুত হতে সহায়তা করার জন্য অতিরিক্ত প্রোগ্রাম আছে।

### ট্র্যান্সফার স্কুল

16-21 বছর বয়সী শিক্ষার্থী যারা কমপক্ষে এক বছর হাই স্কুলে পড়া শেষ করেছে তারা ট্রান্সফার স্কুলে ভর্তি হতে

পারে। ট্র্যান্সফার হাই স্কুলে অন্য সব হাই স্কুলের মতই গ্র্যাজুয়েশনের শর্তাবলী আছে এবং শিক্ষার্থীদের অবশ্যই দিনের বেলা ফুল-টাইম স্কুলে উপস্থিত হতে হবে। হাই স্কুল সম্পন্ন করার পর এবং কলেজ ও ক্যারিয়ারের জন্য প্রস্তুত হতে ট্র্যান্সফার হাই স্কুল শিক্ষার্থীদের ক্রেডিট এবং দক্ষতা অর্জনের জন্য বিভিন্ন সুযোগ প্রদান করে।

### ইয়ং অ্যাডাল্ট বরো সেন্টার

17 থেকে 21 বছর বয়সী শিক্ষার্থীরা, যারা চার বছর হাই স্কুলে পড়েছে এবং অন্তত্পক্ষে 17 ক্রেডিট অর্জন করেছে তারা **ইয়ং অ্যাডাল্ট বরো সেন্টার (YABC)**-এ ভর্তি হবার যোগ্য। যেসব হাই স্কুল শিক্ষার্থী ক্রেডিট অর্জনে পিছিয়ে পড়েছে, স্কুলে আসা বন্ধ করে দেয়ার সম্ভাবনা আছে, অথবা দিনের বেলা তাদের প্রাপ্ত বয়স্কদের মত দায়িত্ব পালন করতে হয় যে কারনে তারা স্কুলে আসতে পারে না - YABC ডিপ্লোমা না প্রদানকারী এমন একটি বিকেলের প্রোগ্রাম।

## ডিপ্লোমার বিকল্প

সিটি অধিবাসী এবং শিক্ষার্থীরা যারা সিটি হাই স্কুল ডিপ্লোমা সময়মত অর্জন করতে পারবে না, তাদের জন্য অন্যান্য সার্টিফিকেশন এবং প্রশংসাপত্র (ক্রেডেনশিয়াল) অর্জন করার সুযোগ রয়েছে, যেগুলো তাদের হাই স্কুল পরবর্তী ক্যারিয়ারের অপশন বাড়াতে সহায়তা করবেঃ

### প্যাথওয়েজ টু গ্র্যাজুয়েশন প্রোগ্রাম

**প্যাথওয়েজ টু গ্র্যাজুয়েশন (P2G)** (গ্র্যাজুয়েশনের ভিন্ন পথ) শিক্ষার্থীদের ভবিষ্যতে সফল হবার জন্য প্রস্তুতি এবং টুলস দিয়ে সহায়তা করে যেন তারা **হাই স্কুল ইক্যুইভ্যালেন্সি ডিপ্লোমা** (হাই স্কুলের সমমানের ডিপ্লোমা) অর্জন করতে পারে।

17–21 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য P2G একটি সমগ্র সিটির বিভিন্ন স্থানে অবস্থিত বিনামূল্যে প্রদানকৃত ফুল-টাইম প্রোগ্রাম।

- আরো জানুন p2g.nyc -ঠিকানায়।

### অ্যাডাল্ট অ্যান্ড কন্টিনিউইং এডুকেশন প্রোগ্রাম

21 বছর এবং অধিক বয়সীরা অ্যাডাল্ট বেসিক এডুকেশন, হাই স্কুল ইক্যুইভ্যালেন্সি, ইংলিশ ফর স্পিকার্স অভ আদার ল্যাঙ্গুয়েজেস,এবং ক্যারিয়ার এন্ড টেকনিক্যাল এডুকেশন প্রোগ্রামের ক্লাসে ভর্তি হতে পারে। ক্লাস অনুষ্ঠিত হয় পাঁচ বরোর সবগুলোতে এবং ওগুলো অফার করা হয় দিনে, সন্ধ্যায় এবং সপ্তাহান্তে।

- অ্যাডাল্ট এডুকেশন সম্পর্কে আরো জানুন schools.nyc.gov/adulted -ঠিকানায়।

### কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র)

শিক্ষার্থীরা দুই প্রকার কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল অর্জন করতে পারে, যেগুলো ডিপ্লোমা নয়ঃ দ্যা CDOS কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল এবং দ্যা স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল।

সকল শিক্ষার্থী যারা অন্তত্পক্ষে বার বছর স্কুলে পড়েছে, কিন্ডারগার্টেন সহ, **ক্যারিয়ার ডেভেলপমেন্ট এন্ড অক্যুপেশনাল স্টাডিজ ক্রেডেনশিয়াল (CDOS)** অর্জন করতে পারে, যা শিক্ষার্থীদের প্রাথমিক পর্যায় থেকে দক্ষ পর্যায়ে CDOS শিক্ষার মান অনুযায়ী প্রস্তুত হওয়াকে স্বীকৃতি দেয়। শিক্ষার্থীরা ক্যারিয়ার পরিকল্পনা, নিয়োগ-যোগ্যতার প্রোফাইল, এবং কাজ ভিত্তিক শিক্ষায় কমপক্ষে স্কুলসমর্থিত 54 ঘণ্টা সহ ক্যারিয়ার প্রস্তুতির অভিজ্ঞতা অর্জনে 216 ঘণ্টা সম্পন্ন করে।

**দ্যা স্কিলস এন্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল** শিক্ষার্থীদের স্কুল পরবর্তী জীবনযাপন, শিখন এবং কাজের জন্য আবশ্যক অ্যাকাডেমিক, পেশা উন্নয়ন প্রাথমিক যোগ্যতার দক্ষতা, সফলতা ও অন্যান্য আবশ্যক ভিত্তির স্বীকৃতি দেয়। এই ক্রেডেনশিয়াল কেবলমাত্র **নিউ ইয়র্ক স্টেট অল্টারনেটিভ অ্যাসেসমেন্ট (NYSAA)** (নিউ ইয়র্ক স্টেটের বিকল্প মূল্যায়ন)-এ অংশগ্রহণকারী মারাত্মক জ্ঞানগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের দেওয়া যাবে।



# কলেজের জন্য পরিকল্পনা

পরিবার যত তাড়াতাড়ি কলেজে উপস্থিত হবার জন্য পরিকল্পনা করবে, শিক্ষার্থীদের পরবর্তী ধাপগুলোর পথ তত তাড়াতাড়ি সহজ হয়ে যাবে। চার বছরের কলেজ অথবা দুই বছরের কলেজে ভর্তি হবার পরিকল্পনা, অথবা চাকুরীতে অথবা চাকুরীর প্রশিক্ষণ প্রোগ্রামে যোগ দেবে যেটাই হোক; শিক্ষার্থী এবং তাদের পিতামাতাদের উচিত হবে গাইডেন্স কাউন্সেলরের সাথে সবসময় যোগাযোগ রেখে বিভিন্ন সুযোগ,আবেদন, এবং ভর্তি সম্পর্কে আলাপ করা।

## অ্যাকাডেমিকস

আরো বেশী চ্যালেঞ্জিং ক্লাস শিক্ষার্থীদের অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা শর্তাবলী পূরণে এবং কলেজ ও কর্মক্ষেত্রের জন্য প্রস্তুত হতে সহায়তা করতে পারে। এই অ্যাডভান্সড ক্লাসগুলোর মধ্যে অন্তর্ভূক্ত হতে পারেঃ

**অ্যাডভান্সড প্লেসমেন্ট (AP)** ক্লাসগুলো হলো কলেজ-পর্যায়ের কোর্স যা বিদেশি ভাষা, শিল্পকলা, ইংরেজি, ইতিহাস, সরকার, গণিত, বিজ্ঞান, ইত্যাদিসহ বিভিন্ন বিষয়ে প্রদান করা হয়।

**কলেজ নাও এন্ড CUNY আর্লি কলেজ** কোর্সগুলো হাই স্কুল শিক্ষার্থীদের জন্য ফ্রি, এবং তা CUNY কলেজ ডিগ্রির জন্য গৃহীত হয়; এবং

**ইন্টারন্যাশন্যাল ব্যাকালরিয়েট (IB)** কোর্সগুলো, কলেজ প্রস্তুতির ক্লাস যা আলাদাভাবে বা IB পাঠ্যক্রমের অংশ হিসেবে প্রদান করা হতে পারে। কোর্সের বিষয়গুলো হলে ইংরেজি, বিদেশি ভাষা (ফরেন ল্যাংগুয়েজ), সমাজপাঠ, বিজ্ঞান, কম্পিউটার সায়েন্স এবং অন্যান্য বিষয়।

## কলেজে ভর্তি (এনট্রান্স) পরীক্ষা

কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের কমপক্ষে একটি চার বছরের কলেজ ভর্তি পরীক্ষা দেয়ার প্রয়োজন হতে পারে, যেমন **SAT** কিংবা **ACT**। কলেজগুলোতে আলাদাভাবে খোঁজ নিয়ে নিশ্চিত হতে হবে কোনটিকে তারা প্রাধান্য দেন।

### PSAT

**প্রিলিমিনারি SAT (PSAT)** হচ্ছে SAT-এর জন্য একটি চমৎকার অনুশীলনী। এর স্কোর SAT পরীক্ষায় কেমন ফলাফল করবে তার একটি ধারণা দিতে পারে এবং শিক্ষার্থীরা সম্ভাব্য স্কলারশীপের জন্য যোগ্য হতে পারে। শিক্ষার্থীরা সাধারনত 10 এবং 11 গ্রেডে PSAT দেয়।

- PSAT সম্পর্কে আরও জানতে collegeboard.org/student/testing/psat -ওয়েবসাইটটি দেখুন।

### SAT

**SAT** একটি মাল্টিপল চয়েস (সঠিক উত্তর বাছাই) ও রচনা পরীক্ষা যা তৈরি করা হয়েছে শিক্ষার্থীদের রিডিং, ম্যাথ ও রাইটিংয়ের দক্ষতা পরিমাপের জন্য। সাধারণত, শিক্ষার্থীরা এই পরীক্ষাটি দুইবার দেয়ঃ প্রথমবার 11 গ্রেডে এবং দ্বিতীয়বার 12 গ্রেডে। কলেজগুলো ভর্তির সিদ্ধান্ত গ্রহণের সময় সাধারণত শিক্ষার্থীর উচ্চতর স্কোরটি গ্রহণ করে। যদি প্রয়োজন হয়, পরীক্ষার সুযোগ সুবিধা অনুরোধ করার জন্য আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

### SAT স্কুল দিবস

প্রতি বসন্তে, সিটি হাই স্কুলসমূহ শিক্ষার্থী ও পরিবারদের বিনামূল্যে 11 গ্রেডের শিক্ষার্থীদের SAT এবং 10 গ্রেডের শিক্ষার্থীদের PSAT প্রদান করে স্কুল দিবসে। কোন্ স্কুল দিবসে SAT প্রদান করা হবে তা জানতে একজন গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলুন।

- আপনার সন্তান কীভাবে SAT-এর জন্য প্রস্তুত হতে পারবে, তা জেনে নিন khanacademy.org/test-prep/sat -এই ওয়েবসাইটে।

### SAT বিষয়-ভিত্তিক পরীক্ষা

সাধারণত অধিক বাছাবাছি করে যেসব চার বছরের কলেজের জন্য আবশ্যক, পরীক্ষাগুলো সুনির্দিষ্ট কোন বিষয়ের জ্ঞান যাচাই করে। শিক্ষার্থীদের SAT বিষয়-ভিত্তিক টেস্টগুলো ঐ বিষয়ের হাই স্কুল কোর্স শেষ হবার সাথে সাথে নিয়ে নেয়া উচিত। প্রয়োজন হলে, ফি পরিত্যাগ এবং প্রতিবন্ধিতা সম্পর্কিত সুযোগ সুবিধা দেয়া হবে।

- SAT ও SAT বিষয়- ভিত্তিক পরীক্ষা সম্পর্কে আরো জানতে sat.collegeboard.org -ওয়েবসাইট দেখুন।

### ACT

SAT-এর বিকল্প হিসেবে, **ACT** ইংরেজি, গণিত, রিডিং ও বিজ্ঞানের জন্য কার্যকর হয়। এটি একটি রাইটিং সেকশন সহ বা ছাড়া অফার করা হয়। রাইটিং সেকশন ইংরেজি সেকশনের কাজ করে, এবং যেসব কলেজ অনেক বাছাই করে শিক্ষার্থী গ্রহণ করে তারা সাধারণত এই সেকশনটি বাধ্যতামূলক করে। শিক্ষার্থীরা যে কলেজগুলোতে আবেদন করবে, সেগুলোতে পরীক্ষা সম্পর্কে যে শর্তগুলো থাকে, সেগুলো তাদের যাচাই করে দেখা উচিত। প্রয়োজন হলে, ফি পরিত্যাগ এবং প্রতিবন্ধিতা সম্পর্কিত সুযোগ সুবিধা দেয়া হবে।

- ACT সম্পর্কে আরও জানতে act.org -ওয়েবসাইটটি দেখুন।

## কলেজে আবেদন

আবেদনপত্র সময়মত রিসার্চ, প্রস্তুত, এবং জমা দেয়ার লক্ষ্যে শিক্ষার্থী এবং পিতামাতার একজন উপদেষ্টা, গাইডেন্স কাউন্সেলর, অথবা শিক্ষকের সাথে এবিষয়ে কাজ করা উচিত। আবেদনপত্রে প্রায়ই শিক্ষকের সুপারিশপত্র, রচনা বা লেখার স্যাম্পল, হাই স্কুল ট্রান্সক্রিপ্ট ও কলেজের ভর্তি পরীক্ষার স্কোর আবশ্যিক করা হয়।

➤ কলেজে আবেদনের গাইড, সময়সীমা, FAQ-সহ আরো জানতে bigfuture.collegeboard.org/get-in/applying -এই ওয়েবসাইট দেখুন।

## কলেজ এবং ক্যারিয়ারের জন্য রিসোর্স

- **কলেজ এবং ক্যারিয়ারের পরিকল্পনা:** schools.nyc.gov/collegeandcareerplanning।
- **ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার/মাল্টিলিঙ্গুয়াল লার্নার্সদের জন্য কলেজে ভর্তির পরিকল্পনাঃ** schools.nyc.gov/mll/collegereadiness।
- **নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস করপোরেশনঃ** hesc.ny.gov।
- **ক্যারিয়ার জোনঃ** careerzone.ny.gov।
- **অ্যাকাডেমিক ও আর্থিক প্রস্তুতির চেকলিস্ট:** studentaid.ed.gov/prepare-for-college/checklists।

### IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য উত্তরণ পরিকল্পনা

স্কুল পরবর্তী জীবনের জন্য পরিকল্পনা করা একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া, বিশেষ করে IEP যুক্ত শিক্ষার্থীদের জন্য। পিতামাতাদের উচিত সন্তানের গ্র্যাজুয়েশন করতে কী কী করা প্রয়োজন, তার পরবর্তী উত্তরণের জন্য রিসোর্স, এবং কোন সুযোগগুলো তার জন্যে সবচেয়ে ভাল হবে সে বিষয়গুলো নিয়ে তার স্কুলের সাথে আলাপ করা। এছাড়াও, বরো ভিত্তিক **ট্র্যানজিশন অ্যান্ড কলেজ অ্যাকসেস সেন্টার** উত্তরনের (ট্র্যানজিশন) পরিকল্পনার জন্য বিভিন্ন রিসোর্স এবং সাহায্য সহযোগিতা দিয়ে থাকে। যখন আপনার সন্তানের বয়স 15 অথবা তার বেশী হবে, তখন তার IEP পর্যালোচনার মিটিং-এর সময় তার উত্তরণের লক্ষ্য এবং পরিষেবা নিয়ে আলোচনা করার সুযোগ আপনি পাবেন। এছাড়াও আপনার একটি পেশামূলক পর্যালোচনা (ভোকেশনাল অ্যাসেসমেন্ট) সম্পন্ন করার সুযোগ হবে, যেখানে আপনি আপনার সন্তান যে বিষয়গুলোতে ভালো সেগুলো সহ, তার পছন্দসমূহ, এবং চ্যালেঞ্জগুলো তুলে ধরতে পারবেন।

➤ IEP যুক্ত শিক্ষার্থীদের জন্য উত্তরণ পরিকল্পনা সম্পর্কে আরো জানতে দেখুন schools.nyc.gov/IEPtransition।

## কলেজের ব্যয় বহন

### কলেজের ব্যয় সম্পর্কে ধারণা লাভ

আর্থিক সমস্যার জন্য পরিবার এবং শিক্ষার্থীর সকল সুযোগ-সুবিধার সম্পর্কে জানা থামিয়ে দেয়া উচিত নয় - তবে কলেজ বাবদ খরচ কত হতে পারে, সেটা জানা গুরুত্বপূর্ণ। কলেজের সবচেয়ে বড় খরচ হলো ট্যুইশন, কিংবা কলেজ ক্লাসের জন্য যে বেতন ধার্য্য করে, সেটা। এছাড়াও ট্যুইশনের পাশাপাশি কলেজে পড়ার মোট খরচের মধ্যে চারটি অতিরিক্ত খরচের খাত অন্তর্ভুক্ত আছে:

- রুম অ্যান্ড বোর্ড (আবাস ও খাদ্য)
- বই এবং আনুষাঙ্গিক সরঞ্জাম
- ব্যক্তিগত বা হাত খরচ
- পরিবহন (ট্র্যান্সপোর্টেশন)

➤ একটি সুনির্দিষ্ট কলেজের খরচ সম্পর্কে জানতে collegecost.ed.gov -ওয়েবসাইটটি ভিজিট করুন।

### কলেজের জন্য সঞ্চয়

সন্তানের কলেজ শিক্ষার জন্য সঞ্চয় শুরু করায় বেশি আগে বলে কোন কিছু নেই। নিউ ইয়র্ক স্টেট-এর **529 কলেজ সেভিংস প্রোগ্রাম** পরিবারকে কলেজের জন্য সঞ্চয় করতে উল্লেখযোগ্য ট্যাক্স সুবিধা প্রদান করে। কোন আত্মীয় বা বন্ধু ভবিষ্যত শিক্ষার্থীর জন্য একটি অ্যাকাউন্ট চালু করতে পারে।

➤ আরও তথ্যের জন্য nysaves.org -ভিজিট করুন।

### আর্থিক সহায়তার জন্য আবেদন

**আর্থিক সহায়তা** শিক্ষার্থীদেরকে অনুদান, স্কলারশিপ, পড়াশুনার পাশাপাশি অর্থ উপার্জনের সুযোগ, ঋণদানের মাধ্যমে কলেজের খরচ বহনে সাহায্য করে। আর্থিক সহায়তা শিক্ষার্থী ও তার পরিবারের জন্য কলেজের খরচ দারুণভাবে কমিয়ে আনতে পারে।

শিক্ষার্থীগণ এবং তাদের পরিবারকে অবশ্যই কলেজের জন্য নানা ধরনের আর্থিক সহায়তার যোগ্য হতে ফ্রি **অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড**, যা **FAFSA**, নামেও পরিচিত সেটি জমা দিতে হবে। অনলাইনে FAFSA, 1 অক্টোবর তারিখ থেকে fafsa.ed.gov -ওয়েবসাইটে পাওয়া যাবে এবং পরিবারের উচিত তাদের সর্বশেষ ট্যাক্স রিটার্ন (2018) থেকে প্রাপ্ত আয়ের তথ্য ব্যবহার করা।

FAFSA পূরণে সহায়তার জন্য, আপনার স্কুলের গাইডেন্স কাউন্সিলর, শিক্ষক, বা প্রশাসকের সাথে কথা বলতে, অথবা ধারাবাহিকভাবে 10টি লভ্য ভাষায় বিস্তারিত নির্দেশনা পেতে understandingfafsa.org ঠিকানায় যান।

FAFSA পূরণের মাধ্যমে, শিক্ষার্থীরা কয়েক ধরনের আর্থিক সহায়তা লাভের যোগ্য হয়:

**মঞ্জুরি** প্রদান করা হয় ফেডারেল এবং স্টেট গভর্নমেন্ট ছাড়াও, কলেজগুলির মাধ্যমে। মঞ্জুরি দেওয়া হয় শিক্ষার্থী ও পরিবারের চাহিদার ভিত্তিতে, এবং তা ফেরত দিতে হয় না।

**NY স্টেট ট্যুইশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম:** যেসব শিক্ষার্থী নিউ ইয়র্কে বাস করে, তারা কিছু নির্দিষ্ট কলেজ ও ইউনিভার্সিটির জন্য ট্যুইশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (TAP) নামের একটি মঞ্জুরি পাওয়ার যোগ্য হতে পারে।

- যোগ্যতার শর্ত, কীভাবে আবেদন করতে হয়, এবং বহুল জিজ্ঞাসিত প্রশ্ন ও উত্তরের জন্য hesc.ny.gov/pay-for-college/ -ওয়েবসাইট দেখতে পারেন।

**স্কলারশিপ** সাধারণত অ্যাকাডেমিক, অ্যাথলেটিক, ভলান্টিয়ার কাজ, আগ্রহ, জাতিগত পরিচয়, অথবা ধর্মীয় ভিত্তিতে শিক্ষার্থীদেরকে দেয়া হয়। নির্দিষ্ট মানদণ্ড জানার জন্য কলেজগুলোতে আলাদাভাবে খোঁজ নিন। স্কলারশিপের অর্থ ফেরত দিতে হয় না।

**নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র স্কলারশিপ** সকল SUNY এবং CUNY-র দুই ও চার-বছরের কলেজ যোগ্য নিউ ইয়র্কার, যাদের পরিবারের বার্ষিক আয় $125,000 পর্যন্ত তাদেরকে ফ্রি ট্যুইশন প্রদান করে।

- আরও জানতে hesc.ny.gov/pay-for-college -সাইট দেখুন।

**ওয়ার্ক স্টাডি** শিক্ষার্থীদেরকে কলেজ খরচ বহনের উদ্দেশ্যে অর্থ উপার্জন করতে ক্যাম্পাস অথবা কম্যুনিটিতে পার্ট-টাইম কাজের সুযোগ প্রদান করে।

**ঋণ (লোন)** হলো কলেজের জন্য অর্থ গ্রহণ যা অবশ্যই শিক্ষার্থী ও তার পরিবারকে ফেরত দিতে হবে। যেসব শিক্ষার্থীর আর্থিক চাহিদা রয়েছে ফেডারেল গভর্নমেন্ট তাদের নিম্ন-সুদে ঋণ প্রদান করে।

## NYC শিক্ষার্থী যারা চার-বছরের কলেজে পড়ছে এবং নিজ বাড়িতে থাকে তাদের খরচের পরিমাণ*

| কলেজ | CUNY | SUNY | প্রাইভেট কলেজ |
|---|---|---|---|
| ট্যুইশন ও ফি | $7,000 | $8,310 | $39,460 |
| রুম অ্যান্ড বোর্ড (বাড়ি ভাড়া, খাবার, ইউটিলিটি, পার্কিং খরচ) | $5,502 | $3,860 | $3,300 |
| বই এবং আনুষাঙ্গিক সরঞ্জাম | $1,364 | $1,340 | $1,100 |
| যাতায়াত ও ভ্রমণ | $1,054 | $1,900 | $1,000 |
| ব্যক্তিগত বা হাত খরচ | $1,788 | $1,630 | $1,100 |
| লেখাপড়ার মোট খরচের পরিমাণ | **$16,747** | **$17,040** | **$45,960** |

*2017 সালের হেমন্ত (ফল) টার্ম-এর উপর ভিত্তি করে

## আর্থিক সহায়তার সহায়সঙ্গতি (ফাইন্যানশিয়াল এইড রিসোর্স)

**FAFSA-র জন্য U.S. ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ফেডারেল স্টুডেন্ট এইড ওয়েবসাইট:** fafsa.ed.gov

**শিক্ষার্থী এবং পরিবারের জন্য U.S. ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ফেডারেল স্টুডেন্ট এইড ওয়েবসাইট:** studentaid.ed.gov

**অবৈধ শিক্ষার্থীদের জন্য আর্থিক সহায়তা:** thedream.us/resources/education/

**FAFSA সম্পর্কে ধারণালাভ: হাই স্কুল শিক্ষার্থীদের জন্য একটি 'হাও-টু' গাইড:** understandingfafsa.org

**U.S ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কলেজের মূল্যমান ও ব্যয়বহন-সামর্থ্য বিষয়ক গাইড:** collegecost.ed.gov

**NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের আর্থিক সহায়তা বিষয়ক ওয়েবসাইট:** schools.nyc.gov/financialAid

**ফাইন্যানশিয়াল এইড লোন ক্যালকুলেটর:** finaid.org/calculators/loanpayments.phtml

**FAFSA পূরণের সাতটি সহজ ধাপ:** finaid.ucsb.edu/fafsasimplification

**জেনারেশন NYC পেইং ফর কলেজ:** growingupnyc.cityofnewyork.us/generationnyc/topics/paying-for-school/

# শিক্ষার্থীর শিক্ষণে সহায়তা

বাড়িতে ও স্কুলে শিক্ষার্থীর শেখায় প্রদত্ত সহায়তা শিক্ষার্থীর শিক্ষায় ইতিবাচক ভূমিকা রাখতে পারে। যখন পরিবার সংশ্লিষ্ট হয়, তখন শিক্ষার্থীদের উচ্চতর গ্রেড অর্জনের সম্ভবনা বাড়ে, নিজেদের সম্পর্কে ধারণা ও তাদের ক্ষমতা বৃদ্ধি পায়, তারা গ্র্যাজুয়েট করতে পারে, এবং সেকেন্ডারি উত্তর শিক্ষার জন্য আগ্রহী হয়। স্কুলে যথাযথ সাহায্য পেলে শিক্ষার্থীরা ক্লাসরুমে ভালো করতে ও সাফল্য লাভে সক্ষম হয়। যদি কোন শিক্ষার্থী বাড়তি চ্যালেঞ্জের মুখোমুখি হয়, তার চাহিদা পূরণে সাহায্য করতে শিক্ষাবিষয়ক সহায়তা এবং পরিষেবা বিদ্যমান আছে।

## স্পেশাল এডুকেশন

**স্পেশাল এডুকেশন** ঐসব পরিষেবা, কর্মসূচি, এবং শিক্ষানির্দেশনাকে বোঝায় যা ডিজাইন করা হয়েছে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের শিক্ষাগতভাবে ব্যক্তিক বেড়ে ওঠার উদ্দেশ্যে। একটি **ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)** প্রণয়ন করা হয় সেইসব শিক্ষার্থীদের যারা স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্য। IEP-তে থাকে একজন শিক্ষার্থীর লক্ষ্য, আগ্রহ, শক্তিশালী দিকসমূহ, চাহিদা, এবং পরামর্শ প্রদত্ত কর্মসূচি ও পরিষেবা। একটি IEP-র উদ্দেশ্য প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে এমন সব পরিষেবা প্রদান করা যা সম্ভাব্য ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশে তাদের ব্যক্তিক চাহিদা পূরণ করে।

যখন কোন শিক্ষার্থী তার ক্লাসরুমে পিছিয়ে পড়ে, স্কুলগুলি তেমন শিক্ষার্থীদেরকে সাধারণ শিক্ষার পরিবেশে বাড়তি সহায়তা প্রদান করতে পারে। আপনি যদি মনে করেন আপনার সন্তানের বাড়তি সহায়তার প্রয়োজন আছে, আপনি তাকে লিখিতভাবে আপনার সন্তানের পাবলিক স্কুলে একটি স্পেশাল এডুকেশনের মূল্যায়ন অথবা "প্রাথমিক রেফারেলের," জন্য রেফার করতে পারেন এবং সেই চিঠিতে স্পেশাল এডুকেশনের জন্য অনুরোধ জানাতে পরেন।

আপনার সন্তানের মূল্যায়ন প্রক্রিয়া যখন শেষ হয়, আপনাকে আপনার সন্তানের IEP টিমের একজন সদস্য হিসেবে একটি মিটিংয়ে অংশগ্রহণের জন্যে আমন্ত্রণ জানানো হবে যেখানে নির্ধারিত হবে আপনার সন্তান স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্য কিনা এবং সেই অনুযায়ী তার জন্য একটি IEP প্রণয়ন করা হবে।

- স্পেশাল এডুকেশন এবং রেফারেল প্রক্রিয়া সম্পর্কে আরও জানতে, অনুগ্রহ করে schools.nyc.gov/specialeducation -সাইট দেখুন।

## ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স/ মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স সাপোর্ট

একজন **ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার/মাল্টিলিঙ্গুয়াল লার্নার** (ELL/MLL), এমন একজন শিক্ষার্থী যার বাড়ির ভাষা ইংরেজি নয় এবং যার ইংরেজি শেখার জন্য সহায়তা দরকার। স্কুলগুলো ELLs/MLLs-এর জন্য সকল মূল বিষয়ে (কোর সাবজেক্টে) সফল হওয়ার জন্য যেন উচ্চ পর্যায়ে ইংরেজিতে পড়তে, লিখতে এবং কথা বলতে পারে এটি নিশ্চিত করতে কাজ করে।

### ভাষা চাহিদাসমূহ শনাক্তকরণ

নতুনভাবে সকল নামভুক্ত (এনরোলড) শিক্ষার্থীকে অবশ্যই একটি **বাড়ির ভাষার প্রশ্নবলি (হোম ল্যাঙ্গুয়েজ কোশ্চেনেয়ার - HLQ)** পূরণ করতে হবে এবং যোগ্য শিক্ষক অথবা কর্মী সদস্য কর্তৃক পরিচালিত একটি প্রাতিষ্ঠানিক ইন্টারভিউতে অংশ নিতে হবে। যদি HLQ এবং ইন্টারভিউতে দেখা যায় যে, বাড়িতে ইংরেজি ভিন্ন অন্য কোন ভাষা ব্যবহৃত হয়, আপনার সন্তানকে অবশ্যই **নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (NYSITELL)** দিতে হবে। NYSITELL -এর ফলাফল থেকে বোঝা যাবে আপনার সন্তান ইংরেজি ভাষা শিক্ষার্থী/বহুভাষী শিক্ষার্থী হিসেবে শনাক্ত হয় কিনা।

আপনার সন্তানের যদি ইংরেজি ভাষায় সহায়তা পরিষেবার প্রয়োজন থাকে, স্কুলের স্টাফ সদস্যরা আপনার পরিবারের সাথে মিলিত হয়ে যে বিভিন্ন কর্মসূচি আছে সেগুলোর ব্যাখ্যা দেবেন (নিচে দেখুন)। এই মিটিংটি পরিচালিত হয় পিতামাতা যে ভাষাকে অগ্রাধিকার দিচ্ছে সে ভাষায়।

### কর্মসূচির ধরনসমূহ

ইংরেজি ভাষা শিক্ষার্থী/ বহুভাষী শিক্ষার্থীদের অ্যাকাডেমিক ও ভাষা চাহিদা পূরণের সহায়তার জন্য তিনটি অপশন রয়েছে:

**ডুয়াল ল্যাঙ্গুয়েজ** কর্মসূচিগুলি শিক্ষার্থীদের দুটি ভাষায় শিক্ষানির্দেশনা প্রদান করে: ইংরেজি ও অন্য একটি ভাষা, যেমন - স্পানিশ, চাইনিজ, ফ্রেঞ্চ, অথবা বাংলা। এই কর্মসূচির মাধ্যমে, শিক্ষার্থীরা উভয় ইংরেজি এবং অন্য একটি ভাষায় পড়তে, লিখতে, এবং কথা বলতে শেখে। ক্লাসগুলি উভয় ইংরেজিতে দক্ষ শিক্ষার্থী এবং ইংরেজি ভাষা শিখছে এমন শিক্ষার্থীদের নিয়ে গঠিত হয় যেখানে তারা একই প্রাথমিক বা বাড়ির ভাষা শেয়ার করে।

**ট্র্যানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন** প্রোগ্রামগুলি ইংরেজি এবং শিক্ষার্থীর বাড়ির ভাষায় শিক্ষাদান করে। এইসব ক্লাসে প্রত্যেক শিক্ষার্থী একই প্রাথমিক অথবা বাড়ির ভাষা শেয়ার করে।

**ইংলিশ অ্যাজ অ্যা নিউ ল্যাঙ্গুয়েজ** প্রোগ্রামগুলি নির্দিষ্ট কৌশল ব্যবহার করে ইংরেজিতে শিক্ষাদান করে। শিক্ষার্থীরা এই কর্মসূচিতে আসে ভিন্ন ভিন্ন অনেক ভাষার পটভূমি থেকে।

- ELL/MLL কর্মসূচিগুলি সম্পর্কে আরও জানতে schools.nyc.gov/multilingual-learners -সাইট দেখুন। বাড়তি সহায়তার জন্য, dml@schools.nyc.gov ঠিকানায় ইমেইল অথবা আমাদের ELL/MLL প্যারেন্ট হটলাইনের (212) 323-9559 নম্বরে ফোন করুন।

## অনুবাদ এবং দোভাষ পরিষেবা

DOE আপনার ভাষায় কথা বলে! আপনার ভাষায় সহায়তা দরকার হলে আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপ্যালকে বলুন। আমাদের স্কুলগুলিতে ইংরেজি ব্যতীত সাধারণভাবে যে নয়টি ভাষা সবচেয়ে বেশি বলা হয় সেগুলিতে অনুবাদের ব্যবস্থা রয়েছে। এগুলো হচ্ছে: আরবি, বাংলা, চায়নিজ, ফ্রেঞ্চ, হেইশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, এবং উর্দু। এই নয়টি ভাষায় অনূদিত কাগজপত্র আমাদের ওয়েবসাইটেও পাওয়া যাবে। 200টি ভাষায় দোভাষী সেবার ব্যবস্থা রয়েছে। আপনার স্কুলে ভাষা সহায়তা নিয়ে আপনার যদি কোনো প্রশ্ন বা অভিমত থাকে (718) 935-2013 নম্বরে ফোন অথবা hello@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

### সাইন ল্যাঙ্গুয়েজ

সাইন ল্যাঙ্গুয়েজে দোভাষ পরিষেবা পেতে দয়া করে আপনার প্যারেন্ট কোঅির্ডনেটর অথবা (212) 802-1500, এক্সটেনশন 7181 নম্বরে সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটিং সার্ভিসেস-এর সাথে যোগাযোগ অথবা OSLIS@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

## শিক্ষার্থীর অগ্রগতি এবং প্রোমোশন

শিক্ষকরা ক্লাসে প্রশ্ন, হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট, লেখার অনুশীলনী, পরীক্ষা, কুইজ এবং প্রজেক্টসমূহের মাধ্যমে শিক্ষার্থীদের শিখন পরিমাপ করেন। নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষার নম্বর যদিও বিবেচনা করা হতে পারে, সেগুলো কিন্তু পরবর্তী গ্রেডের জন্য শিক্ষার্থীর প্রস্তুতি পরিমাপে একমাত্র, প্রাথমিক বা গুরুত্বপূর্ণ মাপকাঠি হিশেবে বিবেচিত হতে পারবে না।

শিক্ষা বছরের মাঝে, স্কুলগুলো পিতামাতাদের লিখিতভাবে জানায়, কোন শিক্ষার্থী আগামী বছর পরবর্তী গ্রেডে যাবার ঝুঁকিতে আছে কিনা। পিতামাতাদেরকে তাদের সন্তানের সাফল্যে সহায়তা লাভে বাড়তি সাহায্যের জন্য সন্তানের শিক্ষক, গাইডেন্স কাউন্সেলর বা প্রিন্সিপ্যালের সাথে আলোচনায় উৎসাহিত করা হয়।

- DOE-র পরবর্তী গ্রেডে প্রোমোশনের শর্তাবলী সম্পর্কে আরও জানতে আপনার সন্তানের স্কুলের সাথে কথা বলুন অথবা schools.nyc.gov/promotionpolicy -ওয়েবসাইটটি দেখুন।

## উপস্থিতির গুরুত্ব

প্রত্যেক স্কুল দিবসে শিক্ষার্থীরা শিখছে অথবা নতুন কিছু করছে। স্কুল কামাই মানে নির্দেশনা লাভে বঞ্চিত হওয়া।

নিউ ইয়র্ক সিটি স্কুলগুলিতে উপস্থিতি সম্পর্কিত গুরুত্বপূর্ণ যেসব জানার বিষয় সেগুলো হলো:

- কোন শিক্ষার্থী যদি অন্তত একটি ক্লাস পিরিয়ডের জন্য স্কুলে অনুপস্থিত থাকে তাকে আবশ্যিকভাবে অনুপস্থিত চিহ্নিত করতে হবে এমনকি যদি তার অনুপিস্থিতি মার্জনীয়ও হয়।
- প্রত্যেকটি অনুপস্থিতি গুরুত্বপূর্ণ। মার্জনীয় অনুপস্থিতিগুলিও অনুপস্থিতি হিসেবে বিবেচিত হয়। যখন কোন শিক্ষার্থী ধর্মীয়, স্বাস্থ্যগত অথবা জরুরি পরিস্থিতির কারণে স্কুলে অনুপস্থিত থাকে, সেক্ষেত্রে স্কুল তার অনুপস্থিতি মার্জনা করে দিতে পারে, কিন্তু মার্জনাকৃত অনুপস্থিতি তবুও শিক্ষার্থীর রেকর্ডের অংশ হিসেবে থাকবে।
- শিক্ষার্থীরা যখন অনুপস্থিত থাকে অথবা দেরিতে স্কুলে আসে, স্কুল অবশ্যই পরিবারকে তা জানাবে। আপনার স্কুলের কাছে কী আপনার সাথে যোগাযোগ করার সঠিক তথ্য আছে?

- আরও জানতে schools.nyc.gov/schoolattendance -সাইট দেখুন।

## NYC স্কুলস অ্যাকাউন্ট ব্যবহার করে শিক্ষার্থীর অগ্রগতির উপর লক্ষ্য রাখা

আপনি সহজেই অনলাইনে **NYC স্কুলস্ অ্যাকাউন্ট**-এ গিয়ে স্কুলে আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে জানতে পারেন, এর অন্তর্ভুক্ত তার গ্রেড এবং উপস্থিতি। আপনারা কম্পিউটার, স্মার্টফোন, ট্যাবলেট বা ইন্টারনেটে যাওয়া যায় এমন যেকোন ডিভাইস থেকে mystudent.nyc ঠিকানায় গিয়ে আপনার NYC স্কুলস অ্যাকাউন্ট তৈরি ও লগ ইন করতে পারেন। অ্যাকাউন্ট তৈরিতে সহায়তার জন্য, আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। যদি আপনার কম্পিউটার ব্যবহারের প্রয়োজন হয়, তবে আপনি আপনার নিকটবর্তী পাবলিক লাইব্রেরিতে যান।

## সামার স্কুল

**সামার স্কুলে**, যেসব শিক্ষার্থী গ্রেড স্তরের প্রোমোশনের মান পূরণ করে না তাদেরকে বাড়তি শিক্ষানির্দেশনা প্রদান করা হয় এবং তারা পরবর্তী স্কুল গ্রেডে যাবার প্রস্তুতিতে সমৃদ্ধির কর্মকাণ্ডে অংশ নেয়।

আপনার সন্তানকে যদি সামার স্কুলের জন্য সুপারিশ করা হয় তবে স্কুল আপনাকে তা জানাবে। সামার স্কুল শেষ করার পর, করার পর, স্কুল আপনার সন্তান সেপ্টেম্বরে পরবর্তী গ্রেডে যাবার জন্য প্রস্তুত কিনা সেটি নির্ধারণ করতে তার সামার স্কুল এবং নিয়মিত স্কুলের কাজ ও মূল্যায়ন পর্যালোচনা করবে।

- আরও তথ্যের জন্য, schools.nyc.gov/summerschool -সাইটে যান।

সামার স্কুল হলো শিক্ষার্থীদের জন্য DOE-র **সামার ইন দ্যা সিটি** সমৃদ্ধির কর্মসূচি। আরও জানুন schools.nyc.gov/summer -সাইটে।

## ক্লাসরুমের বাইরে শিক্ষণ

### আফটারস্কুল প্রোগ্রামের জন্য আবেদন

আফটারস্কুল কর্মসূচিসমূহ নতুন কিছুর প্রতি উৎসাহ আবিষ্কারের সুযোগ, সামাজিক ও মানসিক দক্ষতা তৈরি, এবং ক্লাসরুমের বাইরে বিভিন্ন আগ্রহকে উৎসাহিত করে শিক্ষার্থীদের শিক্ষাকে উন্নত করে। আপনার স্কুলে কমিউনিটি-ভিত্তিক কর্মসূচিসমূহ সম্পর্কে আরও তথ্যের জন্য আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর, গাইডেন্স কাউন্সেলর, অথবা প্রিন্সিপ্যালের সাথে কথা বলুন।

সিটিওয়াইড কর্মসূচিও রয়েছে। আরও জানুন schools.nyc.gov/afterschool -সাইটে।

সিটির ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্টও (DYCD) শত শত আফটারস্কুল কর্মসূচিকে সমর্থন দেয় যারা বিভিন্ন কর্মকাণ্ড প্রদান করে যেমন সকার, ড্যান্স, কমপিউটার সায়েন্স, টেনিস, ফ্যাশন ডিজাইন, এবং অন্য অনেক কিছু। আরো জানুন: dycdportal.nyc/discoverdycd -ঠিকানায়।

### সামার ইন দ্যা সিটি

**সামার ইন দ্যা সিটি (SITC)** হলো নিউ ইয়র্ক সিটিতে গ্রীষ্মকালে শিক্ষা অর্জনের একটি উপায়। SITC-এর মাধ্যমে, অংশগ্রহণকারী সিটি শিক্ষার্থীরা ম্যাথ ও রিডিংয়ে শিক্ষা লাভ করে, সিটিব্যাপী সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলি পরিদর্শন করে, এবং পুরো সামারে ফ্রি এবং স্বাস্থ্যকর ব্রেকফাস্ট ও লাঞ্চ পেয়ে থাকে।

SITC সিটির শিক্ষার্থীদের নিচের শিক্ষণ সুযোগ প্রদান করে:

### সামার স্কুল:

এই কর্মসূচি ঐসব শিক্ষার্থীদের জন্য যারা নিয়মিত স্কুল বছরের শেষে গ্রেড স্তরের প্রোমোশনের মান পূরণ করে না।

### সামার অ্যাকাডেমি:

সামার অ্যাকাডেমির কর্মসূচিগুলি শিক্ষার্থীদেরকে পূর্ণ-দিবস, হাতে-কলমে STEM (সায়েন্স, টেকনোলজি, এঞ্জিনিয়ারিং, এবং ম্যাথ) কর্মকাণ্ড এবং শিক্ষানির্দেশনার পাশাপাশি মিউজিয়াম, পার্ক, এবং অন্য সাংস্কৃতিক সাইটসমূহ পরিদর্শনের সুযোগ প্রদান করে। সামার অ্যাকাডেমির কর্মসূচির মধ্যে আছে:

**প্রথম এবং দ্বিতীয় গ্রেডের সামার অ্যাকাডেমী:**

1–8 গ্রেডের শিক্ষার্থী যারা তাদের পরবর্তী গ্রেডে কী আছে সেসব জানতে এবং আগে থেকেই পড়া শুরু করতে চায় তাদের জন্য।

**মাল্টিলিঙ্গুয়াল শিক্ষার্থী:**

1–8 গ্রেডের শিক্ষার্থী যারা হাসি-কৌতুক এবং সংশ্লিষ্টকরণীয় পাঠের মাধ্যমে তাদের অ্যাকাডেমিক এবং ভাষা দক্ষতা শক্তিশালী করতে আগ্রহী তাদের জন্য।

**STEM SITC:**

এটি 2–10 গ্রেডের শিক্ষর্থীদের জন্য, যারা STEM বিষয়গুলি সম্পর্কে আরও জানতে আগ্রহী তাদের জন্য পাঁচ-সপ্তাহের একটি কর্মসূচি, এর অন্তর্ভুক্ত রোবোট প্রোগ্রাম করা, কমপিউটার কোড লেখা, এবং গেম ডিজাইন করা।

**STEM ম্যাটার্স NYC:**

এটি একটি কর্মসূচি যা K–11 গ্রেডের শিক্ষার্থীদের জন্য প্রোজেক্ট-নির্ভর শিক্ষণ প্রদান করে যেমন এরোস্পেস, অ্যানিমেল সায়েন্স, মেরিন বায়োলজি, ইকোলজি, এবং এঞ্জিনিয়ারিং।

**DREAM-SHSI:**

DREAM-এর স্পেশালাইজড্ হাই স্কুল ইনস্টিটিউট সামারে এবং বছরব্যাপী প্রতি শনিবারে মিডল্ স্কুলের যোগ্য শিক্ষার্থীদেরকে স্পেশালাইজড্ হাই স্কুল অ্যাডমিশনস্ টেস্ট (SHSAT)-এর প্রস্তুতিতে সহায়তা প্রদান করে।

- আরও জানতে schools.nyc.gov/dream-program -সাইট দেখুন।

- প্রতিটি সামার অ্যাকাডেমি প্রোগ্রামের বাড়তি প্রোগ্রামিং তথ্যের পাশাপাশি নির্দিষ্ট এনরোলমেন্ট এবং ঠিকানার বিস্তারিত পাওয়া যাবে: schools.nyc.gov/summer ঠিকানায়।

## সামারে বাড়তি সমৃদ্ধির সুযোগ

- NYC ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম: nyc.gov/dycd।
- NYC ডিপার্টমেন্ট অভ পার্কস অ্যান্ড রিক্রিয়েশন: nycgovparks.org।
- IDNYC আইডেন্টিফিকেশন কার্ড দিয়ে বিনামূল্য এবং স্বল্পমূল্যের সুযোগ: nyc.gov/idnyc।

## NYC রিডস্ 365

পঠন হচ্ছে একটি আবশ্যিক জীবনদক্ষতা; আমরা যত বেশি পড়বো, তত বেশি জ্ঞান অর্জন করবো, এবং আমাদের মস্তিষ্কের তত বেশি অনুশীলন হবে।

**NYC রিডস্ 365** - DOE-এর একটি উদ্যোগ যা নিউ ইয়র্ক সিটিবাসীদেরকে প্রতিদিন পাঠ করার আহ্বান জানায়। আমাদের বয়স-নির্ভর রিডিং লিস্ট ব্যবহার করে সিটির সকল পিতামাতা তাদের সন্তানদেরকে বিনোদন, জ্ঞান, উপভোগ, অনুসন্ধান এবং অনুপ্রাণিত হওয়ার জন্য পাঠ করতে উৎসাহিত করতে পারেন।

➤ NYC রিডস্ **365** সম্পর্কে আরও জানতে schools.nyc.gov/nycreads365 -সাইটটি দেখুন।

## বিনামূল্যে সফ্টওয়্যার ব্যবহার

আপনার সন্তান বাড়িতে তার স্কুল প্রোজেক্টের কাজ চালিয়ে যেতে পারে। সকল পাঁচটি বরোর সিটি শিক্ষার্থীদের পরিবার গুগল জি-স্যুইট ফর এডুকেশন * ব্যবহার করে যা বিনামূল্যের, এবং তারা পঁচটি পারিবারিক কমপিউটার এবং পঁাচটি ফ্যামিলি ট্যাবলেট, স্মার্টফোন, অথবা অন্য মোবাইল ডিভাইসে বাছাইকৃত মাইক্রোসফট্ সফটওয়্যার ডাউনলোড করতে পারে।

➤ আরও জানতে edu.google.com এবং studentoffice.net সাইট দেখুন।

* যদি আপনার সন্তানের ক্লাসরুমে ব্যবহৃত হয়

## IDNYC-এর জন্য আবেদন

**IDNYC** কার্ড নিয়ে আপনার সিটি আবিষ্কার করুন, এই কার্ডটি সিটির ফ্রি মিউনিসিপ্যাল আইডি কার্ড যা নিউ ইয়র্ক সিটির 14 বা তদোর্ধ্ব বয়সের সকল বাসিন্দাকে দেয়া হয়। IDNYC কার্ড পরিচয়ের প্রমাণ হিসেবে DOE এবং NYPD সহ সিটির বিভিন্ন এজেন্সিতে সর্বত্র গৃহীত হয়। কার্ডধারীরা মুভি টিকেট, সরাসরি উপস্থাপনা, এবং ক্রীড়ানুষ্ঠান, পাশাপাশি মেট্রোপলিটান মিউজিয়াম অভ আর্ট, আমেরিকান মিউজিয়ম অভ ন্যাচারাল হিস্টরি, ব্রংক্স জু ইত্যাদিসহ 40টি সাংস্কৃতিক প্রতিষ্ঠানের এক বছরের সদস্যপদ লাভ করবেন। বাসিন্দারা এ ছাড়াও তাদের IDNYC কার্ড নিউ ইয়র্ক সিটির যে কোন পাবলিক লাইব্রেরিতে ব্যবহার করতে পারবেন।

➤ আরও তথ্যের জন্য, nyc.gov/idnyc -ওয়েবসাইট দেখুন।

## বাড়তি রিসোর্স

নিম্নলিখিত ওয়েবসাইটে মূল্যবান দিকনির্দেশনা ও রিসোর্স রয়েছে যা থেকে শিক্ষার্থী ও পিতামাতারা ক্লাসরুমের শিক্ষানির্দেশনার বিষয়ে বাড়িতে সহায়তা পেতে পারেন:

- দ্যা ন্যাশনাল PTA প্যারেন্টস গাইড টু স্টুডেন্ট সাকসেস: pta.org/4446.htm
- প্যারেন্ট রিসোর্সেস অ্যাট দ্যা U.S. ডিপার্টমেন্ট অভ এডুকেশন: ed.gov/parents
- দ্যা U.S. লাইব্রেরি অভ কংগ্রেস-এর রিডিং ওয়েবসাইট: read.gov
- দ্যা ম্যাথ ফোরাম-এর 'আস্ক ডক্টর ম্যাথ' ওয়েবপেইজ: mathforum.org/dr.math
- ন্যাশনাল জিওগ্রাফিকস কিডসঃ kids.nationalgeographic.com
- স্মিথসোনিয়ান সায়েন্স এডুকেশন সেন্টার: ssec.si.edu
- PBS প্যারেন্টস: pbs.org/parents/
- পিতামাতাদের জন্য সেসামি স্ট্রিটের সাইট: sesamestreet.org/parents

# পিতামাতাকে ক্ষমতায়ন

## স্কুলগুলোর গুণগতমান সম্পর্কে আরও জানুন

DOE সকল সিটি স্কুলের জন্য কোয়ালিটি স্ন্যাপশট, গাইড এবং পারফর্মেন্স ড্যাশবোর্ড প্রকাশ করে। আপনার স্কুলের অনুশীলন, পরিবেশ ও কর্মসম্পাদনা সম্পর্কে আরো জানতে schools.nyc.gov/schoolqualityreports -ওয়েবসাইটটি দেখুন।

## শিক্ষকদের সাথে কাজ করুন

শিক্ষকরা রোজ শিক্ষার্থীদের সাথে কাজ এবং তাদের শেখার ধারা ও আচরণ পর্যবেক্ষণ করেন। স্কুলের ভেতরে ও বাইরে ছেলেমেয়েদের চাহিদা পূরণে পিতামাতা ও শিক্ষকদের একযোগে কাজ করা প্রয়োজন।

## প্যারেন্ট টিচার কনফারেন্সে অংশগ্রহণ করুন

প্যারেন্ট-টিচার কনফারেন্স বছরে চারবার অনুষ্ঠিত হয়। এগুলি পরিবারবর্গকে তাদের সন্তানের অগ্রগতি বিষয়ে আলোচনা করার জন্য শিক্ষকদের সাথে বৈঠকের সুযোগ দেয়। এটি সময়ের আগে প্রশ্ন লেখার জন্য সহায়ক হতে পারে, যেমন:

- আমার সন্তান কোন বিষয়গুলোতে ভালো করছে, এবং কোনগুলোতে সে পিছিয়ে আছে?
- আপনি আমার সন্তানকে কীভাবে চ্যালেঞ্জ করেন?
- আমার সন্তানের বাড়তি সহায়তার প্রয়োজন হলে আপনি কীভাবে সহায়তা দেন?
- আমার সন্তানকে বাড়িতে তার পড়ার জন্য আপনি কোন্ ধরনের বই সুপারিশ করেন?
- আমার সন্তান তার সহপাঠী এবং স্কুলের বড়দের সাথে কেমন মানিয়ে চলে?
- আমার সন্তান কয়দিন স্কুলে অনুপস্থিত ছিলো বা দেরিতে এসেছে?

➤ প্যারেন্ট-টিচার কনফারেন্স সম্পর্কে আরো জানতে schools.nyc.gov/ptc -ওয়েবসাইট দেখুন।



## NYC স্কুল জরিপটি পূরণ করুন

আপনার মতামতের মূল্য আছে! প্রত্যেক বছর, সকল পিতামাতা, শিক্ষক, এবং 6-12 গ্রেডের শিক্ষার্থীরা **NYC স্কুল জরিপ** পূরণ করে। পিতামাতার জন্য জরিপটি গোপনীয় এবং স্কুল নেতৃত্বের সাথে এর ফলাফল শেয়ার করা হয় যাতে আপনার মতামতের উপর উন্নতি সাধন সম্ভব হয়। NYC স্কুল জরিপ সম্পর্কে আরও তথ্য জানতে আপনার স্কুলের মেইন অফিসে জিজ্ঞেস করুন অথবা nycschoolsurvey.org সাইট দেখুন।



## আপনার যোগাযোগের তথ্য আপডেট করুন

পিতামাতাদেরকে নিশ্চিত করতে হবে যে, জরুরি অবস্থায় তাদের সাথে যোগাযোগের তথ্য (বাড়ির ঠিকানা, সেল নম্বর, ইমেইল ইত্যাদি) হালনাগাদ আছে। তথ্য হালনাগাদ আছে কি না যাচাই এবং হালনাগাদের জন্য আপনার স্কুলের মেইন অফিসের সাথে কথা বলুন।



## আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন

সহায়তার জন্য প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ এখানে উপস্থিত আছেন! আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে পরিচিত হন এবং স্কুল কর্মসূচি, রিসোর্স, অনুষ্ঠান ও সংশ্লিষ্ট হওয়া সম্পর্কিত গাইডেন্স ও তথ্যের জন্য তার সাথে যোগাযোগ রাখুন।

## স্কুলের কর্মশালা, মিটিং, এবং সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ করুন

স্কুলগুলি সারা স্কুল বছর ব্যাপী বিভিন্ন অনুষ্ঠান করে - যেমন শিক্ষার্থীদের কাজের প্রদর্শনী, পারিবারিক কর্মশালা, এবং তথ্যবহুল অধিবেশন - যা আপনার সন্তানের স্কুল কম্যুনিটির সাথে যোগাযোগের সুযোগ প্রদান করে। আপনার সময়সূচি যাই হোক না কেন, যোগদানের একটি পথ আপনার জন্য রয়েছেই। আগামীর অনুষ্ঠান এবং কর্মকাণ্ডের জন্য আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন।

## PA/PTA-এর সক্রিয় সদস্য হন

**প্যারেন্ট অ্যাসোসিয়েশন (PA)** বা **প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনের (PTA)** সক্রিয় সদস্য হয়ে পিতামাতা/অভিভাবকহণ তাদের সন্তানের শিক্ষা ও স্কুল কমিউনিটিতে পরিবর্তন আনতে পারেন। PA/PTA-গুলির মাধ্যমে, পিতমাতাগণ নেটওয়ার্ক তৈরি, একসাথে স্কুল সমস্যা সমাধানের কাজ, এবং স্কুল নীতি ও বাজেট সিদ্ধান্ত গ্রহণ কার্যকর করতে পারেন।

আপনার স্কুলের পরবর্তী সূচিভুক্ত PA/PTA মিটিং সম্পর্কে জানতে আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরকে জিজ্ঞেস করুন এবং আপনার সন্তানের স্কুলে কীভাবে তাকে সহায়তা দিতে পারেন তার জন্য অংশগ্রহণকারী পিতামাতাদের সাথে যোগাযোগ করুন।

## প্যারেন্ট লিডারশিপ পদের জন্য নির্বাচন করুন

পিতামাতাগণ স্থানীয়, ডিস্ট্রিক্ট এবং সিটিওয়াইড পর্যায়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার মাধ্যমেও তাদের স্কুল কমিউনিটিকে সেবা দিতে পারেন। PA/PTA-সমূহ, **স্কুল লিডারশিপ টিম, সিটিওয়াইড অ্যান্ড কমিউনিটি এডুকেশন কাউন্সিলস্ (CCEC/CECs)**, এবং **প্রেসিডেন্টস্ কাউন্সিলসমূহে** নির্বাচিত পদ রয়েছে। CCEC এবং CEC-গুলির পরবর্তী নির্বাচন অনুষ্ঠিত হবে বসন্ত 2021-এ।

➤ পিতামাতাদের জন্য নির্বাচিত পদগুলি সম্পর্কে আরও জানতে, আমাদের প্যারেন্ট লিডার ওয়েবসাইটটি schools.nyc.gov/parentleader দেখুন।

# ইনফরমেশন ফর অল (সকলের জন্য তথ্য)

## আমি কার সাথে কথা বলবো?

### শিক্ষকঃ

শিক্ষার্থীর পড়ালেখা ও গ্রেড সংক্রান্ত প্রশ্নের পাশাপাশি তার আচরণগত, সামাজিক ও আবেগগত বিকাশ সম্পর্কিত প্রশ্নের জবাব দেন। শিক্ষক হলেন পরিবারের প্রথম ও মুখ্য যোগাযোগের ব্যক্তি। পরিবারের উচিত নিয়মিতভাবে তাদের সন্তানের শিক্ষকদের সাথে যোগাযোগ রক্ষা করা।

### প্যারেন্ট কোঅর্ডিনেটরঃ

স্কুলের পরিষেবা ও কর্মসূচি সম্পর্কে পরিবারবর্গকে তথ্য জোগান ও প্রশ্ন ও উদ্বেগের জবাব দেন। পিতামাতা-ভিত্তিক কর্মকাণ্ড ও সুযোগ-সুবিধা সম্পর্কে আরও জানতে পরিবারসমূহকে প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে হবে।

### স্কুল কাউন্সেলরঃ

শিক্ষার্থীদের সামাজিক ও মানসিক সহায়তার পাশাপাশি অ্যাকাডেমিক পথনির্দেশনাও দেন। আপনার সন্তানের যেকোন সামাজিক অথবা মানসিক অভিজ্ঞতা সম্পর্কিত কোন বিষয়, হাই স্কুলে ভর্তি, অ্যাকাডেমিক সূচি, গ্রেড, এবং কলেজ/পেশাজীবনের পরিকল্পনা নিয়ে স্কুল কাউন্সেলরের সাথে কথা বলুন।

### অ্যাসিসটেন্ট প্রিন্সিপ্যালঃ

স্কুল কর্মসূচি, অ্যাকাডেমিক বিষয়, শিক্ষার্থী সহায়তা, এবং শৃঙ্খলাজনিত বিষয়ে প্রিন্সিপ্যালের তত্ত্বাবধানে সহায়তা দেন এবং এইসব বিষয়ে যেকোন প্রশ্নের উত্তর ও সহায়তা প্রদান করেন।

### প্রিন্সিপ্যালঃ

স্কুলের সকল কর্মচারী ও শিক্ষার্থীদের নেতৃত্ব দেন। আপনার কোনো উদ্বেগ সন্তানের শিক্ষক, প্যারেন্ট কোঅর্ডিনেটর বা অপর কোনো স্কুল কর্মচারী সমাধান দিতে ব্যর্থ হলে প্রিন্সিপ্যালের সাথে কথা বলুন।

### ডিসট্রিক্ট ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরঃ

আপনার স্কুল ডিস্ট্রিক্টে পারিবারিক উদ্বেগের জন্য যোগাযোগের সূত্র হিসেবে কাজ করে। স্কুল পর্যায়ে আপনার যদি কোন সমস্যা থাকে যা সমাধান করা যাচ্ছে না, আপনার ডিস্ট্রিক্টের ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

### ডিসট্রিক্ট ফ্যামিলি লিডারশীপ কোঅর্ডিনেটরঃ

স্কুল এবং ডিস্ট্রিক্ট প্যারেন্ট লিডারশিপ কর্মীদের সহায়তা প্রদান করে, এর মধ্যে আছে PA/PTA-সমূহ, স্কুল লিডারশিপ টিম, এবং আরও অনেক। আপনার স্কুলে বা ডিস্ট্রিক্টে প্যারেন্ট লিডারশিপের কোন সুযোগ সম্পর্কে জানতে চাইলে ডিস্ট্রিক্টের ফ্যামিলি লিডারশিপ কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

### সুপারিনটেনডেন্টঃ

কম্যুনিটি সুপারিনটেনডেন্টগণ K–8 স্কুলগুলিকে সহায়তা দেন ও তদারক করেন, এবং হাই স্কুলের সুপারিনটেনডেন্টগণ 9–12 গ্রেডের স্কুলগুলিকে সহায়তা দেন ও তদারক করেন। ডিস্ট্রিক্ট 75 সুপারিনটেনডেন্ট সিটিওয়াইড স্পেশাল এডুকেশনের কর্মসূচিগুলি, এবং ডিস্ট্রিক্ট 79 সুপারিনটেনডেন্ট বিকল্প কর্মসূচিসমূহ তদারক করেন।

আপনার ডিস্ট্রিক্টের ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর এবং ফ্যামিলি লিডারশিপ কোঅর্ডিনেটর আপনার সুপারিনটেনডেন্টের দলের সদস্য। তাদের সাথে যোগাযোগের তথ্য পাওয়া যাবে schools.nyc.gov/superintendents সাইট ব্যবহার করে।





## সিটি স্কুলগুলোতে যাতায়াতের পরিবহন

NYC শিক্ষার্থীদের তাদের যোগ্যতার উপর নির্ভর করে **ইয়েলো বাস সার্ভিস** অথবা একটি পূর্ণ মূল্যের (ফুল ফেয়ার) মেট্রোকার্ড দিতে পারে। যেসব শিক্ষার্থীর IEP-তে সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) হিসেবে ট্র্যান্সপোর্টেশন উল্লিখিত আছে তারা স্পেশালাইজড্ ট্র্যান্সপোর্টেশন পাবার যোগ্য।

### স্টপ-টু-স্কুল ইয়েলো বাস সার্ভিস

স্টপ টু স্কুল বাস সার্ভিস পাবলিক স্কুলগুলোর জন্যে ডিসট্রিক্টের ভিতরে, এবং নন-পাবলিক স্কুলগুলোর জন্যে সিটির বরোর ভিতর পরিচালিত হয়।

একজন শিক্ষার্থীর গ্রেড স্তর এবং বাড়ি ও স্কুলের মধ্যে হেটে যাবার দূরত্বের উপর যোগ্যতা নির্ভর করে।

- ❑ **K–2** গ্রেডের শিক্ষার্থী তার স্কুল থেকে ½ মাইল অথবা তার অধিক দূরে বসবাস করে
- ❑ **3–6** গ্রেডের শিক্ষার্থী তার স্কুল থেকে 1 মাইল বা বেশি দূরে বসবাস করে
- ❑ **7–12** গ্রেডের শিক্ষার্থী ইয়েলো বাস সার্ভিস পাওয়ার যোগ্য নয়

যেসব K-8 গ্রেডের IEP যুক্ত শিক্ষার্থীর ক্ষেত্রে স্পেশালাইজড্ ট্র্যান্সপোর্টেশনের প্রয়োজনীয়তা উল্লিখিত নেই তারা স্টপ-টু-স্কুল ট্র্যান্সপোর্টেশনের জন্য যোগ্য।

### মেট্রোকার্ড

K-12 গ্রেডের সকল শিক্ষার্থী যারা স্কুল থেকে ½ মাইলের বেশী দূরত্বে বাস করে, তারা একটি পূর্ণ ভাড়ার মেট্রো কার্ড পাবার যোগ্য।

### যেসব শিক্ষার্থী গৃহহীন (হোমলেস) অথবা অস্থায়ী আবাসনে (টেম্পোরারী হাউসে) বাস করছে

সকল গৃহহীন অথবা অস্থায়ী আবাসনে বাস করছে এমন শিক্ষার্থী গৃহহীন থাকাকালে ফ্রি ট্র্যান্সপোর্টেশন পাবার যোগ্য, এবং এর সময়সীমা হল স্থায়ী আবাসন পাবে যে বছর সে স্কুল বছরের শেষ পর্যন্ত, এবং পরবর্তী স্কুল বছর পর্যন্ত হবে যদি ঐ স্কুলটিতে শিক্ষার্থী তার শেষ গ্রেডে পড়ছে।

DOE শিক্ষার্থীকে তার স্কুলের অবস্থান থেকে যাওয়া ও আসার জন্য অথবা, বিকল্পভাবে, শিক্ষার্থীর নতুন এলাকার (নেইবারহুড) স্কুল, এবং তার বর্তমান বাসস্থানের (হাউজিং) ঠিকানায় যাতায়াত পরিষেবা প্রদান করে। ইয়েলো বাস সার্ভিসের মাধ্যমে অথবা শিক্ষার্থীকে, ও যেখানে প্রযোজ্য, পিতামাতাকে, মেট্রোকার্ড দিয়ে ট্র্যান্সপোর্টেশন প্রদান করা হতে পারে। অতিরিক্তভাবে, শেল্টারে বসবাসকারী K-6 গ্রেডের গৃহহীন শিক্ষার্থীরা পাবলিক ট্রান্সপোর্টেশন ছাড়া,

সমমানের, বিকল্প ট্রান্সপোর্টেশন সুবিধা পেতে পারে।

- যাতায়াত ব্যবস্থা (ট্র্যান্সপোর্টেশন) সম্পর্কে প্রশ্ন থাকলে, ভিজিট করুন schools.nyc.gov/transportation।

## স্বাস্থ্য এবং কল্যাণ

### স্কুলের খাবার

DOE অত্যন্ত গর্বের সাথে সকল পাবলিক স্কুল শিক্ষার্থীদের বিনামূল্যে ব্রেকফাস্ট এবং লাঞ্চ প্রদান করে। স্কুলের সব খাবারের মেন্যু ফেডারেল পুষ্টি আদর্শমান পূরণ অথবা অতিক্রম করে এবং কোনো ফুড এডিটিভ যেমন কৃত্রিম রং, স্বাদ, বা প্রিজার্ভেটিভ মেশায় না। মেন্যুর মধ্যে আছে হোল গ্রেইন (খোশা সহ শস্য) রুটি, তাজা ফল এবং কোনো কোনো স্কুলে, সালাদ বার।

সকল স্কুল মেন্যু অনলাইনে দেওয়া আছে schoolfoodnyc.org এবং এতে নিরামিষ খাবার বেছে নেওয়ার সুবিধাও আছে। এছাড়াও আপনি চাইলে DOE-এর ফিড ইয়োর মাইন্ড (Feed Your Mind) মোবাইল অ্যাপটি ডাউনলোড করতে পারেন।

### সামার মিলস (গ্রীষ্মকালে প্রদানকৃত খাবার)

**সামার মিলস প্রোগ্রামের** আওতায় 18 বছর বা কম বয়সী সকল ছেলেমেয়ে পাবলিক স্কুল, সিটি পার্ক ও পুল, NYC হাউজিং অথরিটি কমপ্লেক্স ও নন-প্রফিট অর্গানাইজেশনসমূহের মাধ্যমে ফ্রি খাবার পেতে পারে। আপনার নিকটবর্তী ঠিকানা জানতে ফিড ইয়োর মাইন্ড মোবাইল অ্যাপ ব্যবহার করুন অথবা 311 নম্বরে ফোন করুন।

### স্বাস্থ্য পরিষেবা

সুস্বাস্থ্যের অধিকারী শিক্ষার্থীরা তাদের সর্বোচ্চ পর্যায়ে কার্যসম্পাদন করতে পারে। তাদের সকলের সুস্বাস্থ্য নিশ্চিত করার উদ্দেশ্যে স্কুলগুলি বিভিন্ন ধরনের স্বাস্থ্য ও প্রতিষেধক পরিষেবা প্রদান করে থাকে।

### ইমিউনাইজেশনের (টিকা) শর্তাবলী

NY স্টেট এবং স্থানীয় আইন অনুযায়ী সকল প্রি-K–12 গ্রেডের শিক্ষার্থীদের অবশ্যই ইমিউনাইজেশনের (টিকা) প্রমান থাকতে হবে। কিছু নির্দিষ্ট গ্রেডের শিক্ষার্থীদের জন্য কিছু সুনির্দিষ্ট ভ্যাকসিনেশন (টিকা) বাধ্যতামূলক। ইমিউনাইজেশনের (টিকা) শর্তাবলী পাওয়া যাবে schools.nyc.gov/immunization -ওয়েবসাইটে।

### স্বাস্থ্য পরীক্ষা

প্রি-K থেকে 12 গ্রেডের সকল শিক্ষার্থীকে অবশ্যই স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে। এই বিশদ স্বাস্থ্য পরীক্ষা (মেডিক্যাল এক্সামিনেশন) অবশ্যই **CH-205** ফর্মে, যেটা আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে, একজন ডাক্তারের দ্বারা পূরণ করতে হবে। যে শিক্ষার্থীর পিতামাতা/অভিভাবকগণ এই নথী জমা দেবে না, সেই শিক্ষার্থীদের স্কুল হেলথ্-এর একজন ডাক্তার স্বাস্থ্য পরীক্ষা করবে।

### দৃষ্টি পরীক্ষা

স্কুলে থাকাকালীন সময়, আপনার সন্তানের সর্বোচ্চ শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সে ঠিকভাবে দেখতে পাচ্ছে কিনা তা নির্ণয়ের জন্য দৃষ্টি পরীক্ষা করা হবে।

- দৃষ্টি পরীক্ষা সম্পর্কে আরো জানতে দেখুন schools.nyc.gov/schoolhealth।

### স্পেশাল সার্ভিসেস

স্কুলগুলি বিশেষ স্বাস্থ্য চাহিদা রয়েছে এমন শিক্ষার্থীদের যত্ন, পরিষেবা ও সংস্থান প্রদান করতে পারে। এগুলোর মধ্যে অন্তর্ভূক্ত হচ্ছে ঔষধ প্রদান (মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন), গ্লুকোজ মনিটরের মতো টেস্টিংগুলো, এবং অন্যান্য চিকিৎসা। যদি কোন ছেলেমেয়ের স্পেশাল সার্ভিসের প্রয়োজন হয়, তাহলে পিতামাতাকে হেলথ ফর্ম পূরণ করে স্কুলে জমা দিতে হবে। হেলথ ফর্ম পাবেন schools.nyc.gov//healthservices -এই ওয়েবসাইটে।

### স্বাস্থ্য ও মানসিক সুস্থতা

কিছু DOE ক্যাম্পাসে অন-সাইট স্টেট লাইসেন্সধারী **স্কুল-বেইজড হেলথ সেন্টারস (SBHCs)** (স্কুল ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র) অথবা **স্কুল মেন্টাল হেলথ সেন্টারস (SMHCs)** (স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্য কেন্দ্র) আছে। এই সার্ভিসগুলো পরিবারের জন্য সহজলভ্য আছে যার জন্য তাদের কোন অর্থ দিতে হবে না। অন্য ক্যাম্পাসগুলোতে, স্কুল হেলথ্ নার্স এবং ডাক্তারেরা ঔষধ প্রদান, আর্জেন্ট কেয়ার, এবং দীর্ঘকালস্থায়ী (ক্রনিক) অসুখের ব্যবস্থাপনা করে থাকে, এর পাশাপাশি বিভিন্ন প্রফেশনাল মানসিক স্বাস্থ্য সংক্রান্ত কনসাল্টেশন, সার্ভিস, এবং কাউন্সেলিং প্রদান করে থাকে। আরো জানতে এবং আর কি কি সাহায্য সহযোগিতা আছে তা খুঁজে দেখতে, ভিজিট করুন schools.nyc.gov/mentalhealth -এই ওয়েবসাইট।



# শৃঙ্খলা এবং নিরাপত্তা

## সবার প্রতি শ্রদ্ধা (রেসপেক্ট ফর অল)

শিক্ষা গ্রহণের জন্য সকল শিক্ষার্থীর একটি অন্তর্ভুক্তির, নিরাপদ, সহায়ক, এবং শ্রদ্ধাশীল পরিবেশ প্রাপ্য। আমাদের স্কুলগুলোতে যেকোন ধরনের মৌখিক এবং শারীরিক আগ্রাসন, হয়রানি, ভীতি-প্রদর্শন, বুলিইং, এবং বৈষম্যের স্থান নেই।

DOE-র **রেসপেক্ট ফর অল** নীতির নিষিদ্ধ আচরনের রূপরেখা প্রদান করেছে এবং স্কুলের পরিবেশ কীভাবে হয়রানী, ভীতি-প্রদর্শন, এবং/অথবা বুলিইং মুক্ত পরিবেশ বজায় রাখতে হবে তার নির্দেশনা প্রদানের পাশাপাশি, জাতি, বর্ণ, গোত্র, জাতিভুক্তি, জাতিগত উৎপিত্ত, অভিবাসন/নাগরিকত্বের অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লিঙ্গ অভিব্যক্তি, প্রতিবন্ধিতা, অথবা ওজনের কারণে বাস্তব অথবা অনুভূত বৈষম্যের পরিস্থিতি মুক্ত রাখার নির্দেশনা দিয়েছে।

**সিটিওয়াইড বিহেভিওরাল এক্সপেক্টেশন (সমগ্র সিটিজুড়ে আচরণগত প্রত্যাশা)** DOE-র শিক্ষার্থীদের আচার আচরণের মানের রুপরেখা প্রদান করে এবং স্কুলের কর্মকর্তাদের অযথাযথ ব্যবহারে জন্য শিক্ষার্থীদের কীভাবে সম্বোধন করতে হবে তার নির্দেশনা প্রদান করে।
এই তথ্যগুলো স্কুলে অথবা অনলাইনে পাবেন schools.nyc.gov/behavioralexpectations -ঠিকানায়

- সবার প্রতি শ্রদ্ধা (রেসপেক্ট ফর অল) সম্পর্কে আরো জানতে দেখুন schools.nyc.gov/respectforall।

## বুলিইং রিপোর্ট করা

বুলিইং – তা যেকোন ধরনের হোক না কেন, বরদাস্ত করা হবে না। বুলিইং বিভিন্ন রকমের হতে পারে যেমন ভীতি-প্রদর্শন, বৈষম্য, অথবা হয়রানি করা, এবং তা শারীরিক, সামাজিক, মৌখিক অথবা লিখিতভাবে করা হতে পারে। যেকোন শিক্ষার্থীর বিরুদ্ধে এই ধরনের আচরণ নিষিদ্ধ।

কোন শিক্ষার্থী যদি বিশ্বাস করে যে সে বুলিইং অথবা ভীতি-প্রদর্শন, হয়রানী, অথবা বৈষম্যের শিকার হয়েছে, অথবা কোন শিক্ষার্থীর যদি জানা থাকে যে কেউ বুলিইংয়ের শিকার হয়েছে তবে তার এই আচরনটি স্কুলের রেসপেক্ট ফর অল-এর লিয়াজনকে জানানো উচিত, যার তথ্য স্কুলের বিভিন্ন স্থানে লাগানো রেসপেক্ট ফর অল পোস্টারে পাওয়া যাবে, অথবা চাইলে স্কুলের অন্য কোন কর্মচারীকেও জানাতে পারে।

স্কুল-কর্মী কর্তৃক শিক্ষার্থীর বুলিইং, হয়রানি, অথবা ভীতি-প্রদর্শন আপনার সন্তানের প্রিন্সিপ্যাল অথবা DOE-র **অফিস অভ ইক্যুয়াল অপর্চুনিটি অ্যান্ড ডাইভার্সিটি ম্যানেজমেন্টে** রিপোর্ট করতে হবে। একটি অভিযোগ জমা দিন nycenet.edu/oeo -এই ওয়েবসাইটে।

পিতামাতাসহ যেকোন ব্যক্তি ইমেইলের মাধ্যমেও বুলিইংয়ের রিপোর্ট করতে পারে RespectForAll@schools.nyc.gov -এই ঠিকানায়, ফোন করতে পারে (718) 935-2288 নম্বরে, অথবা অনলাইনে রিপোর্ট করতে পারে nycenet.edu/bullyingreporting -এই ওয়েবসাইটে।

## সেইফটি ট্র্যান্সফার (নিরাপত্তার কারণে স্থানান্তরণ)

যদি কোন পিতামাতা মনে করেন যে তার সন্তান স্কুলে নিরাপদ নয় তবে তাদের উচিত স্কুল প্রিন্সিপ্যালের সাথে সাক্ষাৎ করা। এছাড়াও পরিবারেরা ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে সেইফটি ট্র্যান্সফারের জন্য অনুরোধ করতে পারে, যেটা স্কুলের সাথে একযোগে কাজ করে প্রয়োজনীয় ডক্যুমেন্ট জোগাড় করবে। সকল ক্ষেত্রে, পরিবারের পুলিশ রিপোর্ট জোগাড় করতে হবে **না**।

- আরো জানতে দেখুন schools.nyc.gov/transfers -ওয়েবসাইট, অথবা ফোন করুন 718-935-2009 নম্বরে।

## শিক্ষার্থীদের নিরাপদে রাখা

সকল স্কুলে জরুরী পরিস্থিতিতে শিক্ষার্থীদের নিরাপদে রাখার জন্য স্কুল সেইফটি প্ল্যান প্রনয়ণ করা হয়েছে। স্কুল সেইফটি প্ল্যানের অংশ হিসেবে, শিক্ষার্থী এবং স্টাফ সদস্যরা সারা বছর ইমার্জেন্সি ড্রিল এবং প্রশিক্ষণে অংশ গ্রহণ করে। এই ড্রিল এবং প্রশিক্ষণগুলো শিক্ষার্থীদের বয়স এবং গ্রেড স্তর অনুযায়ী ভাষা এবং পদ্ধতি ব্যবহার করে করা হয়। এছাড়াও বাসায় এই বিষয়ে আলাপচারীতায় সহায়তা করার জন্য পিতামাতাদের তথ্য প্রদান করা হয়। সকল স্কুল প্রতি স্কুল বছরে অন্তত তিনটি স্কুল বাস সেইফটি ড্রিল করে থাকে।

- DOE-র নিরাপত্তার নিয়মকানুন (সেইফটি প্রটোকল) সম্পর্কে আরো জানতে দেখুন schools.nyc.gov/emergency-readiness -ওয়েবসাইট।

## সোশ্যাল মিডিয়া গাইডলাইন

শিক্ষার্থীদের স্কুলের ভেতরে ও বাইরে দায়িত্বের সাথে সোশ্যাল মিডিয়া ব্যবহার করা উচিত। অনলাইনে নিরাপদভাবে যোগাযোগ সহ, অনলাইন কার্যক্রম কীভাবে বাস্তব জীবনে প্রভাব ফেলে, সাইবারবুলিইং থেকে প্রতিরক্ষা, এবং ইতিবাচকভাবে সোশ্যাল মিডিয়া ব্যবহারের উদাহরন দেয়ার মাধ্যমে আপনার সন্তানের সাথে এ বিষয়ে কথা বলুন।

- প্যারেন্ট গাইডসহ DOE-র পূর্ণাঙ্গ সোশ্যাল মিডিয়া গাইডলাইন পেতে schools.nyc.gov/socialmedia -ওয়েবসাইট দেখুন।

## সেল ফোন ব্যবহারের নীতি

শিক্ষার্থীরা সেল ফোন, কম্পিউটিং ডিভাইস, এবং পোর্টেবল মিউজিক প্লেয়ার স্কুলে নিয়ে আসতে পারে। কিন্তু, প্রত্যেক স্কুলের তাদের নিজস্ব সেল ফোন ও অন্যান্য ইলেক্ট্রনিক সামগ্রী সংক্রান্ত নীতিমালা রয়েছে এবং শিক্ষার্থীদের অবশ্যই সে নীতিমালার বিধান মেনে চলতে হবে। যেসব শিক্ষার্থী স্কুলের সেল ফোন নীতি অনুসরণ করবে না, তাদের ফোন সাময়িকভাবে জব্দ করা হতে পারে।

স্কুলের সেল ফোন ব্যবহারের নীতি সম্পর্কে কোন প্রশ্ন থাকলে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর বা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন।

- এই নীতি সম্পর্কে চ্যান্সেলরের প্রবিধান কি তা আরো জানতে দেখুন schools.nyc.gov/chancellorsregs -ওয়েবসাইট।



# আপনার অধিকার জানুন

স্টেট ও ফেডারেল সরকারের আইন অনুযায়ী পিতামাতা বা অভিভাবক হিসেবে আপনার বিশেষ কিছু অধিকার রয়েছে। এগুলোর মধ্যে আছে:

- পাবলিক মিটিং, এবং পাশাপাশি চ্যান্সেলরের শুনানি, সিটি বোর্ড (যেমন, প্যানেল ফর এডুকেশনাল পলিসি), কমিউনিটি সুপারিনটেনডেন্ট, কম্যুনিটি এডুকেশন কাউন্সিল এবং স্কুল সম্পর্কে জানুন এবং এগুলোতে অংশগ্রহণ করতে পারেন।
- স্কুলের কোন সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করুন বা DOE-র কাছে এবং/অথবা স্টেট বা ফেডারেল প্রতিষ্ঠানসমূহের কাছে আপনার সন্তানের শিক্ষায় বাধা সৃষ্টিকারীর বিষয়ে অভিযোগ করতে পারেন; এবং
- আপনার সন্তানের নির্ধারিত জোনের বাইরের যেসব প্রোগ্রাম তাকে ভর্তির জন্য আবেদন করার সুযোগ দেয়, যদি প্রযোজ্য হয়, সেই প্রোগ্রামগুলো সম্পর্কে তথ্য পেতে পারেন।

➤ প্যারেন্ট বিল অভ রাইটস সম্পর্কে অথবা কীভাবে একটি অভিযোগ জমা দিতে হবে, তা জানতে দেখুন schools.nyc.gov/parentrights -ওয়েবসাইট অথবা ফোন করুন 311 নম্বরে।

## আমাদের সকল শিক্ষার্থীকে প্রতিরক্ষা

DOE অভিবাসনগত অবস্থা, রাষ্ট্রিক পরিচয়, অথবা ধর্ম যাই হোক না কেন, প্রত্যেক শিক্ষার্থীর পাবলিক স্কুলে শিক্ষার অধিকার সংরক্ষণে প্রতিশ্রুতিবদ্ধ। যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টও, বৈধ নথীপত্রহীন শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীর পাবলিক এডুকেশনের গুরুত্বকে স্বীকৃতি দেয়।

### আমরা চাই আপনি জানুন যে DOE:

- আইনগত কারনে আবশ্যিকভাবে বাধ্য না হলে, NYC-র আইপ্রয়োগকারী অফিসারেরা ছাড়া, অন্য কাউকে স্কুলে প্রবেশের অনুমতি দেয় না, এর মধ্যে অন্তর্ভুক্ত U.S. ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট এজেন্টরা; এবং
- শিক্ষার্থী অথবা তাদের পরিবার সদস্যদের অভিবাসনগত অবস্থার কোন খোঁজ রাখে না, এবং আইনি বাধ্যবাধকতার শর্ত না থাকলে কোন শিক্ষার্থীর তথ্য প্রকাশ করবে না।

একটি নিরাপদ এবং সযত্ন পরিবেশে শিক্ষার্থীদের শিক্ষা প্রদান অব্যাহত নিশ্চিত করার জন্য, DOE স্কুলসমূহকে ইমিগ্রেশন সংক্রান্ত খোঁজ-খবর, তদন্ত, এবং/অথবা অ্যারেস্ট বিষয়ে নির্দেশনা প্রদান করেছে।

➤ পরিবারের রিসোর্স এবং বহুল জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর সহ, আরো তথ্যে জন্য, সকল শিক্ষার্থীদের সহায়তাকারী DOE-র ওয়েবসাইট ভিজিট করুনঃ schools.nyc.gov/supportingallstudents।

## শিক্ষার্থীদের ভোটদানের অধিকার সংক্রান্ত বিজ্ঞপ্তি

DOE শিক্ষার্থীদের ভোটদানের অধিকার চর্চা সমর্থন করে। নিউ ইয়র্ক সিটিতে ভোট দিতে, একজন শিক্ষার্থীকে অবশ্যই একজন নাগরিক এবং অন্তত পক্ষে 18 বছর বয়সী হতে হবে। শিক্ষার্থীরা চাইলে 17 বছর বয়সে ভোটের জন্য রেজিস্টার করতে পারে যদি পরবর্তী নির্বাচনের আগে তাদের বয়স 18 বছর হয়ে যায়। 2020 সালের শুরু থেকে, 16 বছর বয়সীরা ভোটের জন্য প্রি-রেজিস্টার করতে পারবে। DOE-র সকল হাই স্কুলসমূহের মেইন অফিসে ভোটার রেজিস্ট্রেশন ফর্ম পাওয়া যাবে।

## গোপনীয়তার ফেডারেল অধিকার সম্পর্কিত বিজ্ঞপ্তি

**ফ্যামিলি এডুকেশনাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (FERPA)** 18 বা এর বেশী বয়সী পিতামাতা এবং শিক্ষার্থীদেরকে, শিক্ষার্থীর শিক্ষাগত (এডুকেশনাল) রেকর্ডের উপর অধিকার প্রদান করে। **প্যারেন্টস বিল অভ রাইটস (পিতামাতার অধিকারের সনদ), প্যারেন্টস বিল অভ রাইটস ফর ড্যাটা প্রাইভেসি অ্যান্ড সিকিউরিটি (পিতামাতার তথ্য গোপনিয়তা এবং নিরাপত্তার অধিকারের সনদ),** এবং চ্যান্সেলরের প্রবিধান A-820 বাড়তি তথ্য জোগায়, আপনারা সেগুলো পড়তে পারেন schools.nyc.gov/chancellorsregs -ওয়েবসাইটে।

### অন্যান্য বিষয়ের মধ্যে আপনার অধিকার আছে:

- DOE আপনার অনুরোধ পাওয়ার 45 দিনের মধ্যে, আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ড পরিদর্শন, এবং পর্যালোচনা করার।
  - যে রেকর্ড আপনি দেখতে আগ্রহী, তা নির্দিষ্টভাবে উল্লেখ করে আপনাকে একটি লিখিত অনুরোধ জমা দিতে হবে।
  - আপনি কখন ও কোথায় সে রেকর্ড দেখতে পারবেন, আপনার সন্তানের স্কুল আপনাকে তা অবহিত করবে।
- যদি আপনার বিশ্বাস হয় যে, আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ডে ভুল বা বিভ্রান্তি আছে, অথবা অন্য কোনভাবে FERPA অনুযায়ী আপনার সন্তানের

গোপনীয়তার অধিকার খর্ব করে, তাহলে তা পরিবর্তনের অনুরোধ জানাতে পারেন।

- আপনাকে রেকর্ড পরিবর্তনের অনুরোধ লিখিতভাবে জানাতে হবে এবং কোন বিষয়বস্তু পরিবর্তন করতে চান ও কেন চান, তা কারনসহ উল্লেখ করতে হবে।
- DOE যদি আপনার অনুরোধকৃত রেকর্ড পরিবর্তন না করার সিদ্ধান্ত নেয়, আপনাকে সে সিদ্ধান্ত, এবং এর বিরুদ্ধে আপনার শুনানির অধিকার ও শুনানী প্রক্রিয়াটি জানান হবে।

- আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ডে ব্যাক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য প্রকাশ করার আগে লিখিত অনুমতি প্রদান করুন। কিন্তু, কোন নির্দিষ্ট ক্ষেত্রে, FERPA অনুমতি ছাড়া প্রকাশ অনুমোদন করে। সম্মতি ছাড়া প্রকাশের অনুমোদন দেওয়া যায়, এধরনের কেইসের মধ্যে আছে:

- স্কুলের কর্মকর্তার কাছে প্রকাশ করা, পেশাগত দায়িত্ব সম্পন্ন করার জন্য যার এই শিক্ষাগত রেকর্ড পর্যালোচনা করা প্রয়োজন। স্কুলের কর্মকর্তাদের মধ্যে অন্তর্ভুক্ত আছেন:
  - DOE কর্মকর্তা (যেমন অ্যাডমিনিস্ট্রেটর, সুপারভাইজার, শিক্ষক, অন্যান্য ইনস্ট্রাকটর বা সহায়তাকারী কর্মচারী); এবং
  - DOE নিজস্ব কর্মচারিদের স্থলে কাজ করার জন্য অথবা পরিষেবা প্রদান করার জন্য অন্য যাদেরকে নিযুক্তি দেয়, সেসব ব্যক্তি। এর মধ্যে অন্তর্ভূক্ত আছে (a) কনট্রাক্টর, (b) এজেন্ট, (c) কনসালটেন্ট, (d) অন্যান্য সরকারী এজেন্সীর কর্মচারী দ্বারা DOE-সম্পর্কিত পরিষেবা অথবা কার্য্য সম্পাদন করছে, যেমন NYC-র আইন দপ্তরের আইনিজীবিরা যারা DOE-কে প্রতিনিধিত্ব করছে এবং NYC ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন-এ কর্মরত স্কুল নার্সবৃন্দ (e) পিতামাতা, শিক্ষার্থী, অথবা অন্যান্য সেচ্ছাসেবকবৃন্দ যারা স্কুল কর্মকর্তাদের দ্বায়িত্ব পালনে সহায়তা করছে। এ ধরনের ব্যক্তিদের শিক্ষাগত রেকর্ড থেকে ব্যক্তিগতভাবে সনাক্ত করা যায় এমন সব তথ্য ব্যবহার ও নিয়ন্ত্রণ DOE-র সরাসরি কর্তৃত্বাধীন থাকতে হবে। সরাসরি কর্তৃত্ব বিভিন্নভাবে হতে পারে, যার মধ্যে অন্তর্ভূক্ত লিখিত চুক্তি।
- আপনার সন্তানের ভর্তি বা বদলি প্রক্রিয়ায় ব্যবহারের জন্য যখন অন্য কোন স্কুল, ডিস্ট্রিক্ট অথবা শিক্ষা প্রতিষ্ঠান রেকর্ডের জন্য অনুরোধ জানায় যেখান আপনার সন্তান ভর্তি হতে ইচ্ছুক বা পরিকল্পনা করছে, কিংবা ইতোমধ্যে ভর্তি হয়েছে।
- উপরে উল্লেখিত, পিতামাতার অধিকারের সনদ (প্যারেন্টস বিল অভ রাইটস) বহির্ভূত, অনুমতি ছাড়া তথ্য প্রকাশের অন্যান্য কেইস সম্পর্কে আপনি আরো জানতে পারেন।

- আপনি যদি বিশ্বাস করেন যে NYC DOE, FERPA-র শর্তাবলি লঙ্ঘন করেছে, তাহলে আপনি USDOE বরাবরে অভিযোগ দায়ের করতে পারেন। অভিযোগ পাঠানো যাবেঃ

**Family Policy Compliance Office**
**U.S. Department of Education**
**400 Maryland Avenue**
**SW Washington, DC 20202-8520**

- আপনার সন্তানকে ব্যক্তিগতভাবে শনাক্ত করা যায় এমন ব্যাক্তিগত তথ্য বাণিজ্যিক উদ্দেশ্যে বিক্রি অথবা প্রকাশ করতে না দেয়ার জন্য।

- ড্যাটার গোপনীয়তা লঙ্ঘন অভিযোগ করুন এবং এই অভিযোগের উত্তর পান।

  - নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টে লিখিতভাবে অভিযোগ করার ঠিকানাঃ

**Chief Privacy Officer**
**New York State Education Department**
**89 Washington Avenue**
**Albany, NY 12234**

অথবা ইমেইল করুন CPO@mail.nysed.gov ঠিকানায়। ইমেইলের মাধ্যমে NYC DOE-তে অভিযোগ করতে পারেন data-security@schools.nyc.gov -ঠিকানায় অথবা লিখিতভাবে পাঠানোর ঠিকানা হচ্ছে:

**Office of the Chief Information Officer**
**Division of Instructional and Information Technology**

**New York City Department of Education**
**335 Adams Street**
**Brooklyn, NY 11201**

উপরে উল্লিখিত প্যারেন্টস বিল অভ রাইটস ফর ড্যাটা প্রাইভেসি অ্যান্ড সিকিউরিটি (পিতামাতার তথ্য গোপনিয়তা এবং নিরাপত্তার অধিকারের সনদ) থেকে আপনি অতিরিক্ত অধিকার সম্পর্কে জানতে পারেন।

# ...................................................................পৃষ্ঠা

3-K ................................................................ 8-9

**A**

অ্যাডাল্ট অ্যান্ড কনটিনিউইং এডুকেশন ............................ 17
অ্যাডভান্সড প্লেসমেন্ট (AP) ......................................7, 18
আফটার স্কুল প্রোগ্রাম ...................................................23
উপস্থিতি........................................................... 3, 22

**B**

বুলিইং.................................................................. 3, 30-31

**C**

ক্যালেন্ডার ......................................................................4–5
ক্যারিয়ার এন্ড টেকনিক্যাল এডুকেশন (CTE) ................ 16, 17
সেল ফোন ব্যবহারের নীতি ................................................ 31
চার্টার স্কুল (K-12)............................................................2, 10
সমগ্র সিটিজুড়ে আচরণগত প্রত্যাশা ......................................30
কলেজ.................................................7, 16, 17, 18–20, 27
– আবেদন (অ্যাপ্লিকেশনস)................................................ 19
– ভর্তি (এনট্র্যান্স) পরীক্ষা (PSAT, SAT, ACT) .................18
– অর্থ পরিশোধ...............................................................19–20
– পরিকল্পনা.......................................... 7, 16, 17, 18–20
কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র) ................ 17
এডুকেশন কাউন্সিলস (CCEC/CECs)........................... 26, 32
প্রেসিডেন্টস কাউন্সিল .......................................................26

**D**

ডিপ্লোমা (শর্তাবলী, প্রকারভেদ, বিকল্প) ..........................16–18
বৈষম্য.................................................................................30
ডিস্ট্রিক্ট ম্যাপসমূহ ..............................................................5

**E**

এলিমেন্টারি স্কুল (K-5 গ্রেড)..........................................10-12
ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) &
গণিত (ম্যাথমেটিকস) পরীক্ষা (NY স্টেট) ....................11, 15
ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স/মাল্টিলিঙ্গুয়াল
লার্নার্স ................................................2, 19, 21–22, 23
নামভুক্তি (এনরোলমেন্ট) ........ 2, 5, 8–9, 10, 13, 15, 27, 32
ইক্যুইটি অ্যান্ড এক্সেলেন্স ফর অল .......................................... 7

**F**

ফ্যামিলি লিডারশীপ কোঅর্ডিনেটর ........................................27
ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর ...........................................27
ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহ.............2, 9, 10, 13, 15, 31
ফেডারেল স্টুডেন্ট এইডে (FAFSA)
বিনামূল্যে আবেদন............................................................ 19-20

**G**

গিফটেড অ্যান্ড ট্যালেনটেড প্রোগ্রাম (গ্রেড K-5).................. 12

**H**

স্বাস্থ্য পরিষেবা.................................................................29-30
– ইমিউনাইজেশনের (টিকা) শর্তাবলী ....................................29
– মানসিক স্বাস্থ্য (মেন্টাল হেলথ) ...................................29-30
– স্বাস্থ্য পরীক্ষা ...............................................................29
– স্পেশাল সার্ভিসেস .........................................................29
হাই স্কুল (9–12 গ্রেড) ...................................................7, 15–19
– স্পেশালাইজড.............................................................15, 23
বাড়ির ভাষা সংক্রান্ত প্রশ্নাবলী (হোম ল্যাংগুয়েজ
কোশ্চেনেয়ার) (HLQ)........................................................ 21

**I**

IDNYC...................................................................................24

# ...................................................................পৃষ্ঠা

ইমিগ্রাশনের অবস্থা (স্ট্যাটাস) ..................................30, 32
ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)......... 19, 21, 28
ইনফ্যান্ট অ্যান্ড টডলার কেয়ার প্রোগ্রাম ................................8
ইন্টারন্যাশনাল ব্যাকালরিয়েট (IB)......................................18

**K**

কিন্ডারগার্টেন.......................................................................10-11

**L**

ক্লাসরুমের বাইরে শিক্ষণ................................................23–24

**M**

মিডল্ স্কুল (6–8 গ্রেড).................................................13-14
MySchools (মাইস্কুলস) ................................ 9, 10, 13, 15

**N**

নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ
ল্যাঙ্গুয়েজ লার্নার্স (NYSITELL) ....................................... 21
NYC রিডস্ 365 ......................................................................24
NYC স্কুলস অ্যাকাউন্ট.................................................... 3, 22

**O**

অফিস অভ ইক্যুয়াল অপর্চুনিটি অ্যান্ড ডাইভার্সিটি .................30

**P**

প্যারেন্ট অ্যাসসিয়েশন (PA/PTAs) ..............................25-27
প্যারেন্ট কোঅর্ডিনেটর..................................................... 26, 27
প্যারেন্ট লিডারশিপ পজিশন..................................................26
প্যারেন্ট টিচার কনফারেন্স ......................................4, 5, 25
প্রি-K (প্রি-কিন্ডারগার্টেন)...................................... 7, 8–9, 10
ফেডারেল প্রাইভেসি রাইটস
(গোপনীয়তার ফেডারেল অধিকার) (FERPA) ............. 32–33

**R**

রেসপেক্ট ফর অল ........................................................... 3, 30

**S**

স্কুল লিডারশিপ টিম (SLT) ............................................. 26-27
স্কুলের খাবার.........................................................................29
স্কুল কোয়ালিটি স্ন্যাপশট অ্যান্ড গাইডস ......................... 9, 25
সাইন ল্যাঙ্গুয়েজ সার্ভিসেস......................................................22
সোশ্যাল মিডিয়া গাইডলাইন ....................................................31
স্পেশাল এডুকেশন ....................................................2, 19, 21
স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন
টেস্ট (SHSAT).................................................................15, 23
শিক্ষার্থীর অগ্রগতি এবং প্রোমোশন .................................3, 22-23
সামার ইন দ্যা সিটি (SITC) ............................................. 23–24
– সামার অ্যাকাডেমি ....................................................... 23–24
– সামার স্কুল.................................................................. 23–24
সামার মিলস প্রোগ্রাম.............................................................29
সুপারিনটেনডেন্ট ...................................................................27

**T**

ট্র্যান্সফার স্কুল ......................................................................16-17
সেইফটি ট্র্যান্সফার (নিরাপত্তার
কারণে স্থানান্তরণ) ............................................................... 31
অনুবাদ এবং দোভাষ .......................................................... 2, 22
পরিবহন (ট্র্যান্সপোর্টেশন)...........................................2, 28–29

**V**

ভোটাধিকার এবং রেজিস্ট্রেশন ............................................. 32

**Y**

ইয়ং অ্যাডাল্ট বরো সেন্টার................................................... 17

New York Public Library

Queens Library
*Enrich your life®*

Bklyn Public Library

নিউ ইয়র্ক সিটিতে 200টিরও বেশি লাইব্রেরি আছে। ফ্রি লাইব্রেরি কার্ড দিয়ে আপনি বই, ডিভিডি, সিডি, এবং অন্য সামগ্রী ধার করার সুযোগ পাবেন। স্থানীয় লাইব্রেরি ব্রাঞ্চগুলি শিক্ষার্থীদের জন্য ছবির বই রিডিং থেকে ফিল্ম সিরিজ, কবিতা রিডিং, এবং প্রাপ্তবয়স্কদের জন্য কমপিউটার ক্লাসের আয়োজনও করে থাকে।

## নির্দেশনা:

একটি লাইব্রেরি কার্ড পেতে, অনুগ্রহ করে এই আবেদনটি পূরণ করুন এবং একটি গ্রহণযোগ্য ID-সহ আপনার স্থানীয় পাবলিক লাইব্রেরিতে জমা দিন। প্রাপ্তবয়স্কগণ তাদের বর্তমান নিউ ইয়র্ক স্টেট ড্রাইভারস্ লাইসেন্স, লার্নারস্ পারমিট, অথবা অন্য কোন ফটো ID দেখাতে পারেন। তরুণগণ (13-17 বছর বয়সী) তাদের বর্তমান কাজের কাগজপত্র অথবা স্কুল ID দেখাতে পারে। ছোট ছেলে-মেয়ে (যাদের বয়স 12 অথবা তার নিচে) তাদের পিতামাতা অথবা আইনি অভিভাবককে অবশ্যই এই আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে: পিতামাতাগণ তাদের সন্তানের কার্ডে যেসব সামগ্রী ধার করা হবে তার জন্য দায়বদ্ধ থাকবেন। গ্রহণযোগ্য বিভিন্ন ধরনের ID'র একটি পূর্ণ তালিকার জন্য আপনার বরোর লাইব্রেরির ওয়েবসাইট দেখুন। ব্রংক্স, ম্যানহ্যাটন, এবং স্ট্যাটেন আইল্যান্ডের জন্য, **nypl.org** সাইটে যান; ব্রুকলিনের জন্য, **brooklynpubliclibrary.org** দেখুন; কুইন্সের জন্য, **queenslibrary.org** -তে যান। প্রাপ্তবয়স্ক এবং তরুণগণ অনলাইনেও লাইব্রেরি কার্ডের জন্য আবেদন করতে পারেন।

**1. একটি চিহ্নিত করুন:**

☐ ছোট ছেলেমেয়ে (বয়স 12 এবং তার নিচে) ☐ তরুণ প্রাপ্তবয়স্ক (বয়স 13-17) ☐ প্রাপ্তবয়স্ক (বয়স 18 এবং তার বেশি)

**2. শিক্ষার্থী/লাইব্রেরি কার্ড মালিকের তথ্য:**

শেষ নাম ______ প্রথম নাম ______ মধ্য নাম/ প্রাথমিক ______

জন্ম তারিখ(মাস/দিন/বৎসর) ______ ☐ পুরুষ ☐ নারী

বাড়ির ঠিকানা ______ অ্যাপ্ট.# ______

বরো অথবা সিটি ______ স্টেট ______ PIN ______

বাড়ির ফোন ______ ইমেইল ঠিকানা ______

পৃষ্ঠপোষক তথ্যের ব্যবহার পরিচালিত হয় সকল তিনটি লাইব্রেরির গোপনীয়তার নীতিমালা দ্বারা (লভ্য **nypl.org**, **queenslibrary.org**, এবং **brooklynpubliclibrary.org**)।

**3. পিতামাতা/অভিভাবক (12 এবং তার কম বয়সী শিক্ষার্থীদের জন্য অবশ্যই পূরণকৃত হতে হবে):**

শেষ নাম ______ প্রথম নাম ______ মধ্য নাম/ প্রাথমিক ______

ইমেইল ঠিকানা ______ ফোন ______ পিআইএন ______

A অথবা B চিহ্নিত করুন:

☐ A. আমার সন্তান বড়দের এবং ছোটদের বইপত্র নিতে পারে ☐ B. আমার সন্তান শুধু ছোটদের সামগ্রী নিতে পারবে।

সন্তানের কার্ড ব্যবহার করে ধার করা বইয়ের জন্য পিতামাতা/অভিভাবক দায়বদ্ধ থাকবেন।

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর ______ তারিখ ______

**This Section is for Staff Use Only / এই সেকশনটি শুধু অফিস কর্মীদের ব্যবহারের জন্য**

Photo ID # ______ Address Verification Proof Log ______

☐ NEW ☐ LOST/REPL ☐ TRANSFER ☐ PTYPE Exp. Date ______ Complete: (Staff Initials) ______

**আরও জানুন:** NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন বাড়িতে ও আপনার সন্তানের স্কুলে আপনার সন্তানের শিক্ষা সম্পর্কিত বাড়তি তথ্য ও আপনি কীভাবে শিখনে সহায়তা করতে পারেন সে বিষয়ে নানা ধারণা জোগায়। আরও তথ্যের জন্য দেখুন **schools.nyc.gov**।

এছাড়াও আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ অথবা **311** নম্বরে ফোন করতে পারেন।

NYC
Department of Education

T&I 29504 (Bengali/Bangla)